হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর

বর্ষ ৪ ঃ সংখ্যা-২২ ঃ মেহেরপুর-মঙ্গলবার ৪ নভেম্বন ২০২৫ ইং ঃ ১৯ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ১২ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



খোলামেলা জবাব দিলেন ভাবনা, ‘কিছুই যায় আসে না’ -পৃষ্ঠা-৩

## জাতীয় নির্বাচনের প্রচার শুরু করল সরকার

সূর্যোদয় প্রতিবেদন

আগামী বছরের ফেব্রুয়ারিতে অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নির্বাচনী প্রচার আনুষ্ঠানিকভাবে শুরু করেছে সরকার। গতকাল রোববার সকালে প্রধান উপদেষ্টার কার্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেজে প্রকাশিত এক বার্তায় এ ঘোষণা দেওয়া হয়। ঘোষণার সঙ্গে ৪৮ সেকেন্ডের একটি ভিডিওও প্রকাশ করা হয়েছে, যেখানে অবসরপ্রাপ্ত ক্যাপ্টেন ড. খান সুবায়েল বিন রফিক সবাইকে নির্বাচনী প্রচারে অংশগ্রহণের আহ্বান জানান। ভিডিওটিতে তিনি বলেন, “সব অতীত অধ্যায়কে পেছনে ফেলে বাংলাদেশ আজ তার ইতিহাসের সবচেয়ে গুরুত্বপূর্ণ নির্বাচনের সামনে দাঁড়িয়ে। এই নির্বাচনের মাধ্যমে দেশের মানুষ তাদের মালিকানা পুনরায় ফিরে পাবেন। দেশ এখন নতুন সূচনার পথে।” ভিডিওর শুরুতেই পর্দায় প্রদর্শিত হয় লেখাড় ‘আওয়ামী ক্ষমতার উৎস’, এরপর স্থান পায় ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের সাবেক পররাষ্ট্রমন্ত্রী এ

২-এর পৃষ্ঠা দেখুন





### সাইকেলের চাকার ঘূর্ণনে

# মেহেরপুরে জেগে উঠছে স্বপ্ন

আবু রায়হান নিরব

মেহেরপুর সদর উপজেলার পরিষদ চত্বর সোমবার সকালে যেন পরিণত হয়েছিল আনন্দ-উচ্ছ্বাসের এক মেলায়। মুখভর্তি হাসি, চোখে উজ্জ্বল স্বপ্ন এমন দৃশ্য দেখা গেল বাইসাইকেলপ্রাপ্ত ছাত্রীদের মাঝে। কেউ কেউ সাইকেলের ঘণ্টা বাজাচ্ছে, কেউবা নতুন সাইকেলে চেপে প্রথমবারের মতো ব্যালান্স ঠিক করার চেষ্টা করছে। একই মঞ্চে হুইলচেয়ার হাতে পেয়ে কৃতজ্ঞতার অশ্রু ঝরালেন অসুস্থ ও প্রতিবন্ধী মানুষগুলো। উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) ও এডিবি প্রকল্পের আওতায় দরিদ্র ও মেধাবী ২১ জন ছাত্রীকে বাইসাইকেল এবং ১১ জন প্রতিবন্ধী ও অসুস্থ ব্যক্তিকে হুইলচেয়ার বিতরণ করেছে সদর উপজেলা প্রশাসন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। তিনি বলেন, “গ্রামের মেধাবী মেয়েরা প্রাত্যহিক কষ্টের কারণে অনেক সময় স্কুলে যেতে পারে না। এই বাইসাইকেল তাদের শিক্ষা জীবনের নতুন দুয়ার খুলে দেবে। এটি শুধু একটি বাহন নয়, এটি তাদের স্বপ্নযাত্রার সঙ্গী।” সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম বলেন, “আমরা চাই, মেয়েরা আত্মবিশ্বাসী হয়ে উঠুক। সাইকেল




২-এর পৃষ্ঠা দেখুন

### ২৩৭ আসনে বিএনপির প্রাথমিক প্রার্থী তালিকা ঘোষণা

# মেহেরপুরে মনোনয়ন পেলেন মাসুদ অরুন ও আমজাদ হোসেন

নিজস্ব প্রতিবেদক

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ২৩৭টি আসনে সম্ভাব্য প্রার্থীদের প্রাথমিক তালিকা ঘোষণা করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। গতকাল সোমবার (৩ নভেম্বর) রাজধানীর নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তালিকা প্রকাশ করেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তালিকা অনুযায়ী, মেহেরপুর-১ (মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলা) আসনে প্রাথমিকভাবে মনোনয়ন পেয়েছেন সাবেক সংসদ সদস্য ও কেন্দ্রীয় কমিটির সদস্য মাসুদ অরুন। আর মেহেরপুর-২ (গাংনী) আসনে সম্ভাব্য প্রার্থী হিসেবে ঘোষণা করা হয়েছে সাবেক সংসদ সদস্য ও জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আমজাদ হোসেনের নাম।





২০১৮ সালের নির্বাচনে দলীয় প্রার্থী ছিলেন মাসুদ অরুন। আওয়ামী শাসনামলে নানা দমন-পীড়ন, মামলা ও কারাবাসের মধ্যেও তিনি একক নেতৃত্বে মেহেরপুরে দলের হাল ধরেছিলেন। দীর্ঘ ১৭ বছর ধরে কেন্দ্রীয় ঘোষিত প্রায় সব কর্মসূচিই তার নেতৃত্বে সফলভাবে সম্পন্ন হয়েছে। তৃণমূলের অনেকে মনে করছেন, দলের কঠিন সময়ে তার ত্যাগ ও নেতৃত্বের স্বীকৃতিস্বরূপই এবারও তাকে মনোনয়ন দেওয়া হয়েছে।

মনোনয়ন ঘোষণার পর মেহেরপুর বিএনপির কর্মী ও সমর্থকদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি হয়। তবে মাসুদ অরুন তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় বলেন,

“মনোনয়ন নিশ্চিত হয়েছে, কিন্তু বিজয়ের মূল শক্তি জনগণ। মনোনয়নকে কেন্দ্র করে কোনো ধরনের গান-বাজনা বা আনন্দ মিছিল করে জনগণকে কষ্ট দেওয়া যাবে না। আমাদের লক্ষ্য

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে বিএনপির মনোনয়ন বাতিলের দাবিতে বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদক.গাংনী

মেহেরপুরের গাংনীতে বিএনপির মনোনয়ন বাতিলের দাবিতে সড়কে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ করেছে জেলা বিএনপির সভাপতি জাবেদ মাসুদ মিল্টন সমর্থিত নেতাকর্মীরা। সোমবার রাত আটটার দিকে শহরের বিভিন্ন সড়ক ঘুরে বিক্ষোভ মিছিল করেন তারা। এ সময় নেতাকর্মীরা ‘অবৈধ মনোনয়ন মানিনা’ বলে স্লোগান দিতে থাকেন ।গতকাল সন্ধ্যায় বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম

২-এর পৃষ্ঠা দেখুন

## আমঝুপিতে ধানের শীষের পক্ষে পথসভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে ধানের শীষের পক্ষে পথসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার (৩ নভেম্বর) রাতে আমঝুপি বাজারে এ পথসভা অনুষ্ঠিত হয়। পথসভায় বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম। তিনি বলেন, “মাসুদ অরুনকে ধানের শীষের মনোনয়ন দেওয়ায় আমরা দলের প্রতি কৃতজ্ঞ। এই মনোনয়ন মেহেরপুরবাসীর আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন।” অনুষ্ঠানে বিএনপির জাতীয়

২-এর পৃষ্ঠা দেখুন



## মাদকবিরোধী সেমিনার ও কুইজ প্রতিযোগিতা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্যোগে মাদকবিরোধী সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত এই সেমিনারে সভাপতিত্ব করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর খুলনা বিভাগের অতিরিক্ত পরিচালক আহসানুর রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল সালাম। বিশেষ

২-এর পৃষ্ঠা দেখুন

## স্কাউট ভবনে চুরি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে রবিবার দিবাগত রাতে চুরি সংঘটিত হয়েছে জেলা স্কাউট ভবনে। স্থানীয় সূত্রে জানা গেছে, সজ্ঞবদ্ধ চোরের একটি দল ভবনের পিছনের জানালার গ্রিল ভেঙে ভিতরে প্রবেশ করে। এরপর তারা আলমারিতে রাখা বিভিন্ন জিনিসপত্র চুরি করে নিয়ে যায়। গতকাল সোমবার সকালে ভবন খোলার পর কর্মচারীরা চুরির ঘটনা নজরে আনে। চুরির সময় ঠিক কোন জিনিসপত্র চুরি হয়েছে তা এখনও নির্ধারণ করা হয়নি। তবে প্রাথমিকভাবে ইলেকট্রনিক যন্ত্রপাতি, গুরুত্বপূর্ণ কাগজপত্র এবং বিভিন্ন দাপ্তরিক সরঞ্জাম চুরির শিকার হতে পারে বলে ধারণা করা হচ্ছে। স্থানীয় পুলিশ ঘটনাস্থলে পৌঁছে প্রাথমিক তদন্ত শুরু করেছে। চুরি সংঘটিত

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে ইসলামিক সাংস্কৃতিক প্রতিযোগিতা

নিজস্ব প্রতিবেদক, মুজিবনগর

মেহেরপুর জেলা ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে মুজিবনগরে জাতীয় শিশু-কিশোর ইসলামিক সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার দুপুরে মুজিবনগর উপজেলা অডিটরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডল। তিনি

২-এর পৃষ্ঠা দেখুন



## গোলের উৎসব, শ্যামপুরের ফাইনাল যাত্রা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠিত সদর উপজেলা গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্টে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন পরিষদ একাদশ দ্বিতীয় দল হিসেবে ফাইনালে পৌঁছেছে। গতকাল সোমবার বিকেলে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত ২য় সেমিফাইনাল খেলায় শ্যামপুর ইউনিয়ন একাদশ টাইব্রেকারে ৩-১ গোলে মেহেরপুর পৌরসভা একাদশকে পরাজিত করে। খেলাটি নির্ধারিত সময়ে অমীমাংসিতভাবে শেষ হওয়ায় টাইব্রেকারের মাধ্যমে বিজয়ী নির্ধারণ করা হয়। শ্যামপুর ইউনিয়নের পক্ষে গোল করেন

২-এর পৃষ্ঠা দেখুন

## প্রতিপক্ষের বিষে নিঃস্ব মাছ চাষি উজির মিয়া

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গা সদরের গাইদঘাট গ্রামে এক মাছ চাষির পুকুরে বিষ প্রয়োগ করে সব মাছ মেরে ফেলার অভিযোগ উঠেছে। চোখের সামনে শত শত মাছ ভেসে উঠতে দেখে কান্না থামাতে পারছেন না ভুক্তভোগী চাষি উজির মিয়া। শনিবার (১ নভেম্বর) দিবাগত রাতে সদর উপজেলার মাখালডাঙ্গা ইউনিয়নের গাইদঘাট গ্রামে এ ঘটনা ঘটে। রবিবার সকাল থেকে পুকুরে ভেসে উঠতে থাকে মৃত মাছ। এ ঘটনায় আতঙ্কে রয়েছেন আশপাশের অন্যান্য মাছ চাষিরা। সরেজমিনে গিয়ে জানা যায়, প্রায় চার বছর আগে দেড় বিঘা জায়গা বর্গা নিয়ে মাছ চাষ শুরু করেন উজির মিয়া,

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে বিএনপির লিফলেট বিতরণ ও গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুরে বিএনপির রাষ্ট্রকাঠামো মেরামতের ৩১ দফা দাবির লিফলেট বিতরণ ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিকেলে দারিয়াপুর বাজারে এ কর্মসূচি সম্পন্ন হয়। লিফলেট বিতরণ ও গণসংযোগে নেতৃত্ব দেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও বিএনপির মোননিত প্রার্থী মাসুদ অরুন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মুজিবনগর উপজেলা

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গায় মোটরসাইকেল-লাটাহাম্বার সংঘর্ষে প্রবাসী নিহত

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলায় মোটরসাইকেল ও শ্যালো ইঞ্জিনচালিত অবৈধ যানের (লাটাহাম্বার) মুখোমুখি সংঘর্ষে এক প্রবাসীর মর্মান্তিক মৃত্যু হয়েছে। এ ঘটনায় মা-মেয়ে আহত হয়েছেন। গতকাল সোমবার (৩ নভেম্বর) দুপুর ১২টার দিকে চুয়াডাঙ্গা-আলমডাঙ্গা সড়কের খুদিয়াখালী এলাকায় এই দুর্ঘটনা ঘটে। নিহত ইকতার আলী (৪০) কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার চিথলিয়া গ্রামের পিয়ার আলীর ছেলে। তিনি দীর্ঘদিন প্রবাসে ছিলেন এবং সম্প্রতি দেশে ফিরেছিলেন। আহতরা হলেন একই উপজেলার ছতিয়া ইউনিয়নের ঈয়ারী গ্রামের জয়নালের স্ত্রী সাগরি খাতুন (৩০) ও তাদের মেয়ে জামিলা খাতুন (১১)। আহত জামিলার বাবা জয়নাল জানান, আমরা দুটি মোটরসাইকেলযোগে কুষ্টিয়া থেকে ঝিনাইদহের মহেশপুরে আত্মীয়ের বাড়ি যাচ্ছিলাম। পথে খুদিয়াখালী এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা বিচুলিভর্তি (ধানের খড়) লাটাহাম্বারের সঙ্গে একটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। আমার স্ত্রী দুর্ঘটনার দৃশ্য দেখতে গিয়ে মেয়েসহ

২-এর পৃষ্ঠা দেখুন

**মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ**

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়

- ✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
- ✓ প্লাস্টিক সামগ্রী
- খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

পরিবেশক
- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

### মামুনুর রশিদ মামুন

### খবর (চাকরিচ্যুত এসআই দাম্পত্যির প্রতারণা)

কোটি টাকা মেরে খালি
অধিকার কে দিয়েছে তোকে
যাদের টাকা লোপাট করলি
তারা এখন পথে পথে ঘোরে।
টাকা মোদের হয়েছে কত
বাতাসেতে উড়ে
সেই টাকা সুযোগ বুঝে
চিটার বাটপাররা ধরে।
তেলের ব্যবসা করতে গেলি
তেল তোরা না পালি
তৃতীয় পক্ষ এই সুযোগে
মারছে হাতে তালি।
আইন আদালত সবই করলি
সব জায়গাতেই খালি গুতা
সুদের টাকা তুলতে তোদের
ছিড়েযাবে পায়ের তলারসুতা ।



## স্কাউটিং ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা শাখার উদ্যোগে ৬৩৯তম স্কাউটিং বিষয়ে ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়েছে।গতকাল সোমবার দুপুরে মেহেরপুর কবি নজরুল শিক্ষা মঞ্জিল মিলনায়তনে এ সেমিনারের আয়োজন করা হয়। জেলা প্রশাসক ড. মোহম্মদ আবদুল ছালাম

২-এর পৃষ্ঠা দেখুন

## নাসীরুদ্দীন পাটওয়ারীর বিরুদ্ধে মানহানির মামলা, তদন্তে ডিবি

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীর বিরুদ্ধে মানহানির অভিযোগে মামলা করা হয়েছে। ঢাকা মহানগর দক্ষিণ যুবদলের সদস্য সচিব রবিউল ইসলাম নয়নকে নিয়ে বিতর্কিত মন্তব্য করায় এ মামলা দায়ের করা হয়। সোমবার (৩ নভেম্বর) ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. জাকির হোসাইনের আদালতে কাজী মুকিতুজ্জামান বাদী হয়ে এ মামলা করেন। আদালত মামলাটি গ্রহণ করে ঢাকা

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে ফতেপুরে বিএনপির গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ফতেপুর গ্রামে জেলা বিএনপির ৩১ দফা দাবি প্রচারে গণসংযোগ ও লিফলেট বিতরণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার (৩ নভেম্বর ২০২৫) বিকেল ৫টার দিকে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এ সময় তিনি বিএনপির

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -
- ✓ অথেনটিক প্রোডাক্ট
- ✓ সেরা দাম
- ✓ নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর। হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।

আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ মঙ্গলবার ॥ ১৯ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ৪ নভেম্বর ২০২৫ইং

# জমজমাট লাঠি খেলা: দর্শকদের উপচে পড়া ভিড়



রাব্বি আহমেদ. গাংনী

গ্রামীণ ঐতিহ্য ও লোকজ সংস্কৃতির প্রতীক লাঠি খেলা আবারও ফিরে এলো মেহেরপুরে। আধুনিকতার ছোঁয়ায় প্রায় হারিয়ে যাওয়া এই খেলা নতুন করে আয়োজন করে আলোচনায় এসেছে গাংনী বাজারপাড়া উন্নয়ন সংস্থা। গতকাল সোমবার (৩ নভেম্বর) সংস্থার উদ্যোগে গাংনী বলফিল্ডে অনুষ্ঠিত হয় ঐতিহ্যবাহী লাঠি খেলার এই প্রতিযোগিতা। সকাল থেকেই মাঠজুড়ে ছিল উপচে পড়া দর্শকের ভিড়। জেলার বিভিন্ন উপজেলা থেকে নারী-পুরুষ, শিশু ও প্রবীণরা ছুটে আসেন খেলাটি দেখতে। খেলার মাঠে ছিল এক উৎসবমুখর পরিবেশ। লাঠিয়ালদের দারুণ কৌশল, আক্রমণ-প্রতিআক্রমণ ও প্রতিরোধের প্রদর্শনীতে দর্শকরা মুগ্ধ হয়ে ওঠেন। প্রতিযোগিতায় জেলার বিভিন্ন গ্রামের ছয়টি লাঠিয়াল দল অংশ নেয়। প্রতিটি দল নির্দিষ্ট সময়ে নিজেদের কুশল প্রদর্শন করে দর্শকদের মাতিয়ে রাখে। খেলা শেষে বিজয়ী দলকে বিশেষ পুরস্কার দেওয়া হয়। খেলোয়াড়রা বলেন, লাঠি খেলা শুধু বিনোদন নয়, এটি গ্রামীণ ঐতিহ্যের প্রাণ। একে টিকিয়ে রাখা মানে ভবিষ্যৎ প্রজন্মের কাছে বাংলার লোকজ সংস্কৃতি পৌঁছে দেওয়া। দর্শকদের

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



# কলা ও গরমমরিচ: লিভারের সুস্থতার সহজ উপায়


সূর্যোদয় প্রতিবেদন

লিভারের স্বাস্থ্য রক্ষায় কলা ও গরমমরিচ একসাথে খাওয়া উপকারী হতে পারে। পুষ্টিবিদরা বলছেন, প্রতিদিন সকালে একটি কলার ওপর সামান্য গরমমরিচ ছড়িয়ে খেলে লিভারের জন্য নানা ধরনের উপকার পাওয়া যায়। কলায় রয়েছে পটাশিয়াম, ভিটামিন বি৬, ভিটামিন সি এবং ডোপামিন। এই সব উপাদান লিভারে জমা টক্সিন দূর করতে সাহায্য করে, ফ্যাট জমা কমায় এবং প্রদাহ হ্রাসে সহায়ক। কাঁচা কলার রেজিস্ট্যান্ট স্টার্চ লিভারের স্বাস্থ্য রক্ষায় বিশেষ ভূমিকা রাখে। গরমমরিচে থাকা পিপেরিন উপাদান লিভারের জন্য কার্যকর। এটি ফ্রি র?্যাডিক্যাল কমায়, প্রদাহ নিয়ন্ত্রণে রাখে এবং লিভারের এনজাইম কার্যক্ষমতা বাড়ায়। বিশেষজ্ঞরা বলছেন, কলা ও গরমমরিচ আলাদাভাবে উপকারী হলেও একসাথে খেলে প্রভাব আরও বেড়ে যায়। তবে সতর্কতা অবলম্বন জরুরি। যারা ডায়াবেটিস বা আলসারের সমস্যায় ভোগেন, তাদের জন্য গরমমরিচ বেশি খাওয়া উপযুক্ত নয়। পুষ্টিবিদরা সাধারণত সুপারিশ করছেন, দৈনন্দিন খাদ্যাভ্যাসে সহজলভ্য এই ফল ও মসলা যুক্ত করলে লিভারের সুস্থতা ধরে রাখা সম্ভব।

# মন্টু মামার বিয়ে: কিশোর মনের হাসি, ভাবনা ও প্রেরণার গল্প

## মুহাম্মদ বরকত আলীর রম্য ও কিশোর গল্পগ্রন্থ

নিজস্ব প্রতিবেদক




কিশোর বয়স মানেই কল্পনা, কৌতূহল আর স্বপ্নে ভরা সময়। সেই কিশোর মনের হাসি, ভাবনা ও স্বপ্নের রঙকে লেখক মুহাম্মদ বরকত আলী সুন্দরভাবে মেলে ধরেছেন তাঁর নতুন গল্পগ্রন্থ ‘মন্টু মামার বিয়ে’-তে। ২০২৫ সালে অনুপ্রাণন প্রকাশন থেকে প্রকাশিত বইটি রম্য ও কিশোর গল্পের এক মনোমুগ্ধকর সংকলন। এতে মোট আটটি গল্প স্থান পেয়েছে, প্রতিটি গল্পই পাঠককে নতুন এক অভিজ্ঞতার জগতে নিয়ে যায়। ‘মানুষের মুখোশ’ গল্পে লেখক দেখিয়েছেন এক সত্যনিষ্ঠ মানুষের জীবনের দৃষ্টান্ত যে সমাজ ও দেশের কল্যাণে কাজ করে, আর চিনে ফেলে মুখোশের আড়ালের আসল মানুষটিকে। ‘পালপাড়া ও মৃৎশিল্প’ গল্পে ফুটে উঠেছে বন্ধুত্ব, মানবিকতা ও জাত-ভেদাভেদ ভুলে বিপদে বন্ধুর পাশে দাঁড়ানোর মর্মবাণী। আর ‘নিলয়ের স্বপ্ন’ গল্পে কিশোর মনের আত্মবিশ্বাস, স্বপ্নপূরণের আকাঙ্ক্ষা ও ইতিবাচক চিন্তার বার্তা পাওয়া যায়ড় যা বলে, মানুষ তার স্বপ্নের সমান বড়। প্রতিটি গল্পে হাস্যরসের ছোঁয়ার পাশাপাশি আছে ভাবনার গভীরতা। কিশোর পাঠকের জন্য লেখা হলেও গল্পগুলোতে এমন জীবনবোধ ও মানবিক বার্তা

৩-এর পৃষ্ঠা দেখুন



# মেহেরপুর জামায়াত প্রার্থীর গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মেহেরপুর-১ (মেহেরপুর সদর-মুজিবনগর) আসনে বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান গণসংযোগ পরিচালনা করেছেন। গতকাল সোমবার (৩ নভেম্বর) বিকেল ৫টার দিকে সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের ট্যাংগারমাঠ ও বাবুরপাড়া গ্রামে স্থানীয় জনসাধারণের সঙ্গে মতবিনিময় ও লিফলেট বিতরণের মাধ্যমে তিনি ভোটারদের সমর্থন কামনা করেন। গণসংযোগে নেতৃত্ব দেন মাওলানা তাজউদ্দিন খান। এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা মাহবুব আলম, জেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা আমির সোহেল রানা, উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, কুতুবপুর ইউনিয়নের


৩-এর পৃষ্ঠা দেখুন

# বিএনপির সমালোচনা করলেও আলোচনা চায় জামায়াত

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের পদ্ধতি এবং গণভোটের সময় নিয়ে সৃষ্ট রাজনৈতিক অচলাবস্থার জন্য বিএনপিকে দায়ী করলেও আলোচনার আহ্বান জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলের নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের বলেছেন, “বিএনপির সঙ্গে কোনো ঝগড়ায় যেতে চায় না জামায়াত; বরং দেশের স্বার্থে আলোচনায় বসতে চায়।” রোববার সন্ধ্যায় রাজধানীর মগবাজারের আল-ফালাহ মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে তিনি এ আহ্বান জানান। ডা. তাহের বলেন, “রাজনীতির অনেক খেলা আছে, জামায়াত সে খেলায় অংশ নিতে চায় না। সোমবার দলীয় বৈঠকে পরবর্তী কর্মসূচি নিয়ে আলোচনা হবে।” বিএনপিকে

৩-এর পৃষ্ঠা দেখুন





# কুষ্টিয়ায় ইয়াবাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

নিজস্ব প্রতিবেদক

র?্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র?্যাব)-১২, সিপিসি-৩, মেহেরপুরের অভিযানে কুষ্টিয়া জেলার মিরপুর থানাধীন মালিহাদ ইউনিয়ন এলাকা থেকে ৮৪ পিস ইয়াবাসহ এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়েছে। র?্যাবের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, গতকাল সোমবার (৩ নভেম্বর) বিকেল ৫টার দিকে র?্যাব-১২ সিপিসি-৩, মেহেরপুর ক্যাম্পের একটি চৌকস দল অভিযান চালিয়ে ওই মাদক ব্যবসায়ীকে আটক করে। গ্রেফতারকৃত ব্যক্তি হলেন মো. মিনাজুল মণ্ডল ওরফে মিরাজুল (৩৮)। তিনি কুষ্টিয়া জেলার মিরপুর থানার সদরপুর ইউনিয়নের আজমপুর (পুরাতনপাড়া) গ্রামের মো. গোলাম রহমানের ছেলে। র?্যাব জানায়, প্রাথমিক জিজ্ঞাসাবাদে মিনাজুল মণ্ডল স্বীকার করেছেন যে তিনি দীর্ঘদিন ধরে অবৈধভাবে ইয়াবা ট্যাবলেট

৩-এর পৃষ্ঠা দেখুন



# সন্ত্রাসবিরোধী অভিযান চালিয়ে যাওয়ার ঘোষণা পাকিস্তানের

সূর্যোদয় প্রতিবেদন

আফগান তালেবানের দাবি প্রত্যাখ্যান করেছে পাকিস্তান। ইসলামাবাদ জানিয়েছে, আফগান তালেবান মুখপাত্রের করা সন্ত্রাসী প্রত্যর্পণ সংক্রান্ত বক্তব্য ‘ভিত্তিহীন ও বিভ্রান্তিকর’। একই সঙ্গে দেশটি সন্ত্রাসবাদের বিরুদ্ধে কঠোর অভিযান অব্যাহত রাখার ঘোষণা দিয়েছে। পাকিস্তানের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এক্সে (সাবেক টুইটার) দেওয়া এক বিবৃতিতে জানায়, ইস্তাম্বুলে সাম্প্রতিক অনুষ্ঠিত

৩-এর পৃষ্ঠা দেখুন

# গণভোটের বিষয়ে দলগুলোকে এক সপ্তাহ সময় দিল সরকার

সূর্যোদয় প্রতিবেদন

গণভোটের সময় ও বিষয়বস্তু নিয়ে ঐকমত্যে পৌঁছাতে ফ্যাসিবাদবিরোধী রাজনৈতিক দলগুলোকে এক সপ্তাহের সময় দিয়েছে অন্তর্বর্তী সরকার। নির্ধারিত সময়ের মধ্যে ঐক্যবদ্ধ প্রস্তাব না এলে সরকার নিজস্ব সিদ্ধান্ত নেবে বলে জানিয়েছেন আইন উপদেষ্টা আসিফ নজরুল। সোমবার (৩ নভেম্বর) সকালে প্রধান উপদেষ্টার কার্যালয়ের করবী হলে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন তিনি। আসিফ নজরুল বলেন, “গণভোট কবে এবং এর বিষয়বস্তু কী হবেড়এ নিয়ে

৩-এর পৃষ্ঠা দেখুন



# ভারতে বাসের সঙ্গে পাথরবোঝাই ট্রাকের সংঘর্ষে নিহত ২০

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের তেলেঙ্গানার রাঙ্গারেড্ডি জেলায় ভয়াবহ সড়ক দুর্ঘটনায় কমপক্ষে ২০ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও অনেকে। সোমবার (৩ নভেম্বর) সকালে হায়দরাবাদ-বিজাপুর মহাসড়কে এ মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটে। পুলিশ জানায়, তেলেঙ্গানা স্টেট রোড ট্রান্সপোর্ট করপোরেশনের (টিএসআরটিসি) একটি যাত্রীবাহী বাস

৩-এর পৃষ্ঠা দেখুন

# নির্বাচনের ওপরই গণতন্ত্রের গতিপথ নির্ভর করছে: সিইসি

সূর্যোদয় প্রতিবেদন

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন বলেছেন, দেশের গণতন্ত্রের ভবিষ্যৎ নির্ভর করছে আসন্ন জাতীয় নির্বাচনের ওপর। তিনি বলেন, “গণতন্ত্র কোন পথে হাঁটবে, তা ঠিক করবে এই নির্বাচন। আমি এ নির্বাচনকে একটি বড় চ্যালেঞ্জ হিসেবে নিয়েছি। গতানুগতিকভাবে নির্বাচন করলে হবে না।” সোমবার (৩ নভেম্বর) দুপুরে রাজধানীতে এক ব্রিফিংয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। সিইসি বলেন, “রাজনৈতিক দলগুলোর

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

**একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!**

**ঠিকানা: বড়বাজার, মেহেরপুর**

**যোগাযোগ: 01718 552784, 01673 980044**

প্রযুক্তি

# হাড়ক্ষয় বা অস্টিওপোরোসিস নীরব ঘাতক

সূযোদয় প্রতিবেদন



হাড়ের ঘনত্ব কমে ফাঁপা ও ভঙ্গুর হয়ে যাওয়া অবস্থাকে হাড়ক্ষয় বা অস্টিওপোরোসিস বলা হয়। এতে সামান্য আঘাতেই হাড় ভেঙে যেতে পারে। বিশেষজ্ঞরা এটিকে “নীরব ঘাতক” বলছেন, কারণ প্রাথমিক পর্যায়ে এর কোনো লক্ষণ থাকে না। বিশ্ব স্বাস্থ্য সংস্থা অনুযায়ী, বিশ্বে প্রায় ৫০০ মিলিয়ন মানুষ হাড়ক্ষয়ে আক্রান্ত। প্রতি তিনজন পঞ্চাশোর্ধ্ব নারীর একজন এবং প্রতি পাঁচজন পুরুষের একজন ঝুঁকিতে। তবে অধিকাংশই জানে না যে তাদের হাড়ক্ষয় হয়েছে। উপসগ : কোমর বা পিঠে ব্যথা, মেরুদন্ড বাঁকা বা কুঁজো হয়ে যাওয়া, উচ্চতা কমে যাওয়া,হঠাৎ হাড় ভাঙা। করণীয় : খাদ্য: পর্যাপ্ত প্রোটিন, ক্যালসিয়াম ও ভিটামিন-ডি সমৃদ্ধ খাবার; যেমন দুধ, টকদই, পনির, ডিম, মাছ, সবুজ শাক খাওয়া। লাইফস্টাইল: ধূমপান ও মদ্যপান পরিহার, প্রতিদিন হাঁটা বা ব্যায়াম, সূর্যালোকে

৩-এর পৃষ্ঠা দেখুন

**মায়ের হাসি ক্লিনিক**

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

**মোতাছিম বিল্লাহ মতু’র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।**

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

**নিয়মিত রোগী দেখেন**

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
**ডাঃ এম.র. মালিক**
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
**রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।**

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
**ডাঃ কানিজ নাঈমা**
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
**রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)**

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
**ডাঃ রুমানা হেলালী (জুসি)**
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
**ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন**
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
**ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ**
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ



এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

**ডা: মো: শাহিনুর রশিদ**

**চিকিৎসা সেবা সমূহ**

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর ◻ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র ◻ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

**নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।**

**রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর**

**সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308**

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা

**কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব**

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)

সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮

**ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল**



এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন

কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।

রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## জমজমাট লাঠি খেলা: দর্শকদের

(শেষ পৃষ্ঠার পর)
অনেকে জানান, বহু বছর পর এমন খেলা সরাসরি উপভোগ করার সুযোগ পেয়েছেন তাঁরা। এ ধরনের আয়োজন নিয়মিত হলে তরুণ প্রজন্ম ঐতিহ্যের সঙ্গে পরিচিত হতে পারবে বলে মত দেন তারা। গাংনী বাজারপাড়া উন্নয়ন সংস্থার উপদেষ্টা মকবুল হোসেন মেঘলা বলেন, "আমরা শুধু লাঠি খেলা নয়, হারিয়ে যাওয়া সব ঐতিহ্যবাহী খেলাগুলোকে পুনরুজ্জীবিত করার উদ্যোগ নিয়েছি। আগামীতে আরও বড় পরিসরে আয়োজন করা হবে।" খেলা ঘিরে গোটা এলাকায় ছিল উৎসবের আমেজ। গ্রামের মাঠে ফিরে এলো সেই হারানো দিনের প্রাণচাঞ্চল্য লাঠি খেলার ঢাকের তালে বাজল গ্রামীণ ঐতিহ্যের জয়গান।

## মন্টু মামার বিয়ে: কিশোর মনের

(শেষ পৃষ্টার পর)
রয়েছে, যা প্রাপ্তবয়স্ক পাঠকরাও উপভোগ করবেন। বইটির মলাটমূল্য: ২৫০ টাকা।

## মেহেরপুর জামায়াত প্রার্থীর

(শেষ পৃষ্টার পর)
তদারকী মাওলানা জাবেরুল ইসলাম, ইউনিয়ন আমির ইমদাদুল হক, সেক্রেটারি পারভেজ হুসাইন, ট্যাংগারমাঠ ওয়ার্ড সভাপতি মমিনুল রহমানসহ স্থানীয় নেতাকর্মীরা। গণসংযোগ চলাকালে দলীয় নেতারা জনগণের কাছে আসন্ন জাতীয় নির্বাচনে জামায়াতে ইসলামী প্রার্থীর পক্ষে ভোট ও সমর্থন দেওয়ার আহ্বান জানান।

## বিএনপির সমালোচনা করলেও

(শেষ পৃষ্টার পর)
আনুষ্ঠানিকভাবে আলোচনার প্রস্তাব দেওয়া হয়েছে কিনা জানতে চাইলে তিনি বলেন, "এ মুহূর্তে সংবাদমাধ্যমের মাধ্যমে আহ্বান জানাচ্ছি। দেখি, বিএনপি কী প্রতিক্রিয়া জানায়।" জামায়াতের দাবি, গণভোট নভেম্বরের মধ্যেই সম্পন্ন করা উচিত, আর বিএনপি চায় জাতীয় সংসদ নির্বাচনের দিনেই গণভোট যা ডা. তাহেরের ভাষায় "সম্পূর্ণ অবাস্তব।" জামায়াত বলছে, 'নোট অব ডিসেন্ট'সহ গণভোটের কোনো নজির নেই। ডা. তাহের বলেন, "গণভোটে জনগণ সিদ্ধান্ত দেবে। যদি 'হ্যাঁ' জয়ী হয়, তবে পরবর্তী সংসদকে পুরো জুলাই সনদ বাস্তবায়ন করতে হবে। ইতিবাচক মনোভাব নিয়ে আলোচনার টেবিলে আসলেই রাজনৈতিক সমাধান সম্ভব।" বিএনপির সাম্প্রতিক বক্তব্যের সমালোচনা করে ডা. তাহের বলেন, "বিএনপির নেতারা জামায়াতকে নিষিদ্ধের কথা বলছেন। ১৯৯১ সালে যদি জামায়াত নিষিদ্ধ থাকত, তাহলে বিএনপি সরকার গঠন করতে পারত না। জামায়াতের সহযোগিতা ছাড়া তারা ক্ষমতায় যেতে পারত না। এখন পতিত স্বৈরাচারীদের ভাষায় কথা বলে তারা অকৃতজ্ঞতার প্রমাণ দিচ্ছে।" তিনি আরও বলেন, "বিএনপি ধোঁকা ও প্রতারণার রাজনীতি করছে। তারা শুরু থেকেই সংস্কারে অনীহা দেখিয়েছে। এখন জনগণকে বিভ্রান্ত করতে গিয়ে নিজেরাই বিপদে পড়েছে।" সংবাদ সম্মেলনে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ারসহ জ্যেষ্ঠ নেতারা উপস্থিত ছিলেন।

## কুষ্টিয়ায় ইয়াবাসহ মাদক ব্যবসায়ী

(শেষ পৃষ্টার পর)
ক্রয়-বিক্রয়ের সঙ্গে জড়িত। তিনি বিভিন্ন এলাকা থেকে ইয়াবা সংগ্রহ করে নিজ এলাকায় বিক্রি করতেন এবং এর মাধ্যমে যুবসমাজকে নেশার দিকে ধাবিত করছিলেন। গ্রেফতারকৃত ব্যক্তির বিরুদ্ধে কুষ্টিয়া জেলার মিরপুর থানায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ১০(ক) ধারায় মামলা দায়ের করা হয়েছে।

## নির্বাচনের ওপরই গণতন্ত্রের গতিপথ

(শেষ পৃষ্টার পর)
সহযোগিতা ছাড়া কখনো একটি সুষ্ঠু ও সুন্দর নির্বাচন সম্ভব নয়। যতই আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য মোতায়েন করি না কেন, রাজনৈতিক সদিচ্ছা ও অংশগ্রহণই হবে মূল ভিত্তি।" তিনি আরও জানান, আসন্ন নির্বাচনে প্রায় ১০ লাখ মানুষ বিভিন্ন নির্বাচনি দায়িত্বে যুক্ত থাকবেন। পাশাপাশি জেলে থাকা ভোটার ও প্রবাসীদের জন্যও ভোট দেওয়ার সুযোগ তৈরি করা হয়েছে। তারা বিশেষ অ্যাপের মাধ্যমে নিবন্ধন করে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন। সিইসি বলেন, "আগামী ১৬ নভেম্বর আমরা পোস্টাল ব্যালট অ্যাপ উদ্বোধন করব। নির্বাচনি দায়িত্বে থাকা কর্মকর্তা ও প্রবাসীরা ডাকযোগে ভোট দিতে পারবেন। তাদের বাড়ির ঠিকানায় পোস্টাল ব্যালট পৌঁছে যাবে।"
এ সময় তিনি আরও জানান, নির্বাচনে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই)-এর অপব্যবহার রোধে ইসি একটি বিশেষ সেল গঠন করেছে। সিইসি বলেন, "এআই-ভিত্তিক ভুয়া তথ্য বা বিভ্রান্তি ঠেকাতে আমরা একটি সেল চালু করেছি। কেউ যদি কোনো ঘটনার সত্যতা যাচাই করতে চান, তাহলে সে সেলে যোগাযোগ করতে পারবেন।"

## ভারতে বাসের সঙ্গে পাথরবোঝাই

(শেষ পৃষ্টার পর)
বিকারাবাদ জেলার তান্দুর থেকে হায়দরাবাদ যাচ্ছিল। পথে বিপরীত দিক থেকে আসা নুড়িপাথর বোঝাই ট্রাকের সঙ্গে বাসটির মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষের পর ট্রাকের পাথর বাসের ভেতরে ঢুকে পড়ে, এতে বহু যাত্রী চাপা পড়ে ঘটনাস্থলেই প্রাণ হারান। নিহতদের মধ্যে ১০ মাস বয়সী একটি শিশু, ১০ জন নারী এবং উভয় গাড়ির চালক রয়েছেন। আহতদের মধ্যে বেশ কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক। আহতদের উদ্ধার করে রাঙ্গারেড্ডি জেলা সদর হাসপাতাল ও হায়দরাবাদ গভার্নমেন্ট হাসপাতালে ভর্তি করা হয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানান, সংঘর্ষের তীব্রতা এতটাই বেশি ছিল যে, বাসের সামনের অংশ সম্পূর্ণভাবে চূর্ণবিচূর্ণ হয়ে যায়। চালকের আসন ও তার পিছনের ছয়টি সারি সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়। এই অংশের বেশিরভাগ যাত্রী ঘটনাস্থলেই মারা যান। দুর্ঘটনার খবরে শোক প্রকাশ করেছেন তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী এ. রেবন্ত রেড্ডি। তিনি এক বিবৃতিতে নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানান এবং কর্মকর্তাদের অবিলম্বে ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার ও ত্রাণ কার্যক্রম পরিচালনার নির্দেশ দেন। এ ছাড়া আহতদের দ্রুত চিকিৎসা ও নিহতদের পরিচয় শনাক্তে স্থানীয় প্রশাসনকে তৎপর হতে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। ভারতে সড়ক দুর্ঘটনা দীর্ঘদিন ধরেই উদ্বেগের কারণ। সরকারি পরিসংখ্যান অনুযায়ী, দেশটিতে প্রতি বছর দেড় লাখের বেশি মানুষ সড়ক দুর্ঘটনায় প্রাণ হারান। বিশেষজ্ঞদের মতে, ভারী যানবাহনের অতিরিক্ত গতি, রাস্তার অনিয়মিত নকশা ও ক্লান্ত চালকরা এসব দুর্ঘটনার অন্যতম কারণ।

কিমিয়া ফার্মেসি এন্ড দাওয়াখানা
হাকীম (ডাঃ) মোঃ মোজাফফর হোসেন (জাফর)
হাকীম (ডাঃ) মিসেস সেলিনা সুলতানা
ঢাকা ইউনানী মেডিকেল কলেজ হতে ইউনানী মেডিসিনের উপর ফাস্ট ক্লাস ডিগ্রী প্রাপ্ত
রোগী দেখার সময়:
প্রত্যহ সকাল ৮ টা হইতে সন্ধ্যা ৬টা পর্যন্ত।
বাঁশবাড়িয়া পশ্চিমপাড়া, গাংনী, মেহেরপুর
কুষ্টিয়া টু মেহেরপুর রোডে (গাংনী পৌরসভা পিলারের সামনে)মোবাইলঃ ০১৭১২-৫০১২৫১, ০১৯৪৭৫২৯৭৭৮

ভাস্কর ডেন্টাল সার্জারী
টি এন্ডটি রোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার, মেহেরপুর



ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল), খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময়:
সকাল : ৯টা - দুপুর ২টা, বিকাল : ৫টা – রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২০২, ০১৯২০-৬৯৪৫০২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল, কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

## গণভোটের বিষয়ে দলগুলোকে এক

(শেষ পৃষ্টার পর)
রাজনৈতিক দলগুলোর মধ্যে মতভেদ রয়েছে। সভায় এ নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছে। ফ্যাসিবাদবিরোধী আন্দোলনের মিত্র রাজনৈতিক দলগুলোকে নিজেদের মধ্যে আলাপ-আলোচনা করে সম্ভাব্য দ্রুততম সময়ের মধ্যে, সম্ভব হলে আগামী এক সপ্তাহের মধ্যে সরকারকে ঐক্যবদ্ধ দিকনির্দেশনা দেওয়ার আহ্বান জানানো হয়েছে।" তিনি আরও বলেন, "এমন দিকনির্দেশনা পেলে সরকারের পক্ষে সিদ্ধান্ত নেওয়া অনেক সহজ হবে। বর্তমান পরিস্থিতিতে সময়ক্ষেপণের কোনো সুযোগ নেই সেটি আমাদের সবারই বিবেচনায় রাখা উচিত।" রাজনৈতিক দলগুলোকে নিজ উদ্যোগে আলোচনার আহ্বান লিখিত বক্তব্য শেষে সাংবাদিকদের কয়েকটি প্রশ্নের জবাবে আইন উপদেষ্টা আসিফ নজরুল বলেন, "রাজনৈতিক দলগুলোর একসঙ্গে বসার সুযোগ সরকার ইতিমধ্যে একাধিকবার করে দিয়েছে। এবার আর সরকার সেই উদ্যোগ নেবে না। ফ্যাসিবাদবিরোধী দলগুলো আগেও গুরুত্বপূর্ণ সিদ্ধান্তে একমত হয়েছেনড়আমরা আশা করি, এবারও তারা ঐক্যবদ্ধ হবেন।"
সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সড়ক পরিবহন উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান, শিল্প উপদেষ্টা আদিলুর রহমান খান, এবং প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম।

## সন্ত্রাসবিরোধী অভিযান চালিয়ে

(শেষ পৃষ্টার পর)
আলোচনার বিষয়ে আফগান তালেবানের মুখপাত্র জবিউল্লাহ মুজাহিদ যে দাবি করেছেন, তা "তথ্য বিকৃতভাবে উপস্থাপন" করা হয়েছে। বিবৃতিতে বলা হয়, ইসলামাবাদ আলোচনায় আফগান পক্ষকে জানিয়েছিল, আফগানিস্তানে অবস্থানরত পাকিস্তানবিরোধী সন্ত্রাসীদের নিয়ন্ত্রণে আনা বা গ্রেপ্তার করা প্রয়োজন, কারণ তারা পাকিস্তানের অভ্যন্তরীণ নিরাপত্তার জন্য হুমকি সৃষ্টি করছে। তখন আফগান পক্ষ বলেছিল, সংশ্লিষ্ট ব্যক্তিরা পাকিস্তানের নাগরিক। পাকিস্তান তখন প্রস্তাব দেয়, নির্ধারিত সীমান্ত ক্রসিংয়ের মাধ্যমে তাদের হস্তান্তর করা যেতে পারে। কিন্তু আফগান গণমাধ্যমে দাবি করা হয়, ইসলামাবাদ নাকি ওই প্রস্তাব প্রত্যাখ্যান করেছে। পাকিস্তান সরকারের মতে, এ দাবি সম্পূর্ণ মিথ্যা ও বিভ্রান্তিকর। পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফ নিজের এক্স অ্যাকাউন্টে বলেন, "আফগান তালেবানের মিথ্যা দাবি বাস্তবতা বদলাতে পারবে না। পাকিস্তানের জাতীয় নিরাপত্তা নীতিগুলো জাতীয় ঐকমত্যের ভিত্তিতে গঠিত ও বাস্তবায়িত হচ্ছে। সেখানে জনগণ, রাজনৈতিক নেতৃত্ব ও সেনাবাহিনী ঐক্যবদ্ধভাবে কাজ করছে।" তিনি আরও বলেন, "জাতীয় নিরাপত্তার প্রশ্নে পাকিস্তানের জনগণ, রাজনীতিক ও সামরিক নেতৃত্বের মধ্যে কোনো বিভক্তি নেই। খাইবার পাখতুনখোয়ার মানুষ জানে, ভারতসমর্থিত সন্ত্রাসীরা তালেবানের আশ্রয়ে কার্যক্রম চালাচ্ছে।" আফগান সীমান্ত ঘিরে দীর্ঘদিন ধরেই দুই দেশের মধ্যে উত্তেজনা চলছে। পাকিস্তান বারবার অভিযোগ করে আসছে যে, তেহরিক-ই-তালেবান পাকিস্তান (টিটিপি)-এর সদস্যরা আফগান ভূখণ্ড ব্যবহার করে সীমান্তপারে হামলা চালাচ্ছে। পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফ পুনর্ব্যক্ত করেছেন, "সন্ত্রাসবাদ নির্মূলে এবং সীমান্ত নিরাপত্তা জোরদারে অভিযান চলবে যতদিন না দেশের প্রতিটি সন্ত্রাসী ঘাঁটি ধ্বংস হয়।"

## হাড়ক্ষয় বা অস্টিওপোরোসিস

(শেষ পৃষ্টার পর)
থাকা। নিরাপত্তা: বয়স্কদের জন্য পড়ে যাওয়ার ঝুঁকি কমানো।
রোগনির্ণয় ও চিকিৎসা : হাড়ক্ষয় নির্ণয়ের জন্য উঢঅ পরীক্ষা সবচেয়ে নির্ভরযোগ্য। প্রয়োজনীয় চিকিৎসা ও ফলোআপের মাধ্যমে ফ্র্যাকচার প্রতিরোধ সম্ভব।

## বিসিবি সভাপতি আয়োজিত বাংলাদেশ ক্রিকেট কনফারেন্সের ঘোষণা

**সূর্যোদয় প্রতিবেদন**

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সভাপতি আমিনুল ইসলাম বুলবুল দেশের ক্রিকেট বিকেন্দ্রীকরণের পর নতুন উদ্যোগ হিসেবে 'বাংলাদেশ ক্রিকেট কনফারেন্স' আয়োজনের ঘোষণা দিয়েছেন। কনফারেন্সে দেশের বিভিন্ন অঞ্চলের ক্রিকেট সংশ্লিষ্টরা একত্রিত হয়ে দেশের ক্রিকেটের ভবিষ্যৎ নিয়ে আলোচনা করবেন। বুলবুল বলেন, "বাংলাদেশের ৬৪ জেলায় এবং আটটি বিভাগে ক্রিকেট ছড়িয়ে আছে। জেলার ক্রিকেট প্রেসিডেন্ট, জেলা ক্রীড়া অফিসার, জেলা কোচ এবং নারী উদ্যোক্তাদের একত্রিত করে আমরা জানতে চাইব, বাংলাদেশ ক্রিকেটের কী প্রয়োজন। আমরা কীভাবে সবাইকে সাহায্য করতে পারি এবং কিভাবে দেশের ক্রিকেটকে এগিয়ে নেওয়া যায়ড় এটাই এই কনফারেন্সের মূল লক্ষ্য।" তিনি আরও বলেন, "বাংলাদেশের ক্রিকেটের সংগঠকরা ছড়িয়ে-ছিটিয়ে রয়েছেন। তাদের একত্রিত করে বোর্ডের ভিশন ও মিশন সবার সঙ্গে ভাগাভাগি করা, সবার সেরাটা নেওয়া এবং ক্রিকেটকে আরও সহায়তা করাড়এই উদ্দেশ্যেই কনফারেন্স করা হচ্ছে।" বিসিবি সভাপতি জানান, কনফারেন্সে জেলার ক্রিকেট প্রেসিডেন্ট, ক্রীড়া অফিসার, কোচ, নারী উদ্যোক্তা ছাড়াও অন্যান্য স্টেকহোল্ডাররা অংশ নেবেন। এতে বোর্ড ও স্থানীয় সংগঠকদের মধ্যে সমন্বয় বৃদ্ধি পাবে এবং দেশের ক্রিকেট বিকাশে নতুন দিকনির্দেশনা তৈরি হবে। এই কনফারেন্সটি আগামী ৯ ও ১০ নভেম্বর ঢাকায় অনুষ্ঠিত হবে। বুলবুল আশা প্রকাশ করেছেন, এই আয়োজনের মাধ্যমে দেশের ক্রিকেট আরও সমৃদ্ধশালী হবে এবং নতুন উদ্যোগ ও পরিকল্পনা গ্রহণের জন্য একটি শক্তিশালী মঞ্চ তৈরি হবে। বুলবুলের উদ্যোগ দেশের ক্রিকেটকে আরও সংগঠিত ও সম্প্রসারিত করার দিকে গুরুত্বপূর্ণ ধাপ হিসেবে দেখা হচ্ছে। এই কনফারেন্সটি স্থানীয় এবং জাতীয় পর্যায়ের ক্রিকেট উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে বোর্ডের কর্মকর্তারা আশাবাদী।

বিশ্বস্ত ও নির্ভরতায়.....সেই ১৯৮৪ সাল থেকে
প্রতিষ্ঠাতাঃ মরহুম বাবর আলী
মেসার্স আঃ মালেক স্টোর এন্ড মিষ্টান্ন ভান্ডার
ফল, কসমেটিক্স, বেবিফুড, ফাস্টফুড, ফ্রোজেনফুড, বেকারী, জন্মদিনের কেক, মুদি মনোহারি, কাঁচা সবজি মিষ্টি ও দই সামগ্রী বিক্রেতা।
পরিচালনায় ঃ মোঃ আব্দুল মালেক
গাংনী বাজার বাসষ্ট্যান্ড, গাংনী, মেহেরপুর

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
Robiul Islam Memorial Hospital
ডাঃ মোসাঃ নুরুন্নাহার বেগম
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য)
গাইনী ও প্রসূতি চিকিৎসক ও সার্জন
উপ-পরিচালক (অবঃ)
কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডাঃ বি.ডি দাস (পিকলু)
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য)
সি.এম.ইউ (আল্ট্রাসনো)
গাইনী, মহিলা, গর্ভবতী ও সার্জারী রোগের চিকিৎসক
রোগী দেখার সময়ঃ প্রতিদিন বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত
ডা:নাজনীন সুলতানা কনা
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য), সি.সি.ডি (বারডেম), ডি.এম.ইউ
এ্যানেস্থেসিয়াতে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত
ডি জি ও, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ
রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডা. মো: আব্দুল আল মারুফ
এম.বি.বি.এস (রাজশাহী মেডিকেল কলেজ)
বি.সি.এস (স্বাস্থ্য), এফ.সি.পি.এস (শিশু) শেষ পর্ব
এম.এস (শিশু সার্জারী) কোর্স-বিএসএমএমইউ
সিসিডি (ডায়াবেটিস: বারডেম)
পি.জি.পি.এন (শিশু পুষ্টি বোস্টন ইউনিভার্সিটি আমেরিকা)
সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল (শিশু বিভাগ)
রোগী দেখার সময়ঃ প্রতি দিন বিকাল ৪.৩০ টা থেকে ৬ টা পর্যন্ত
ডাঃ অমিত কুমার বিশ্বাস
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ (মিটফোর্ড হাসপাতাল)
রোগী দেখার সময়ঃ প্রতি বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত
ডা: ইসরাত জেরিন
এম.বি.বি.এস, পি.জি.টি (গাইনী এন্ড অবস্), সি.এম.ইউ (আল্ট্রা)
মহিলা ও মেডিসিন রোগের চিকিৎসক
আবাসিক মেডিকেল অফিসার
রোগী দেখার সময়ঃ প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা পর্যন্ত
পুষ্টিবিদ: তরিকুল ইসলাম
বি.পি.এইচ (নিউট্রিশন), এম.পি.এইচ (নিউট্রিশন)
সি.এম.ইউ (ডি.ইউ), ডি.এম.ইউ (আল্ট্রা)
ডিপ্লোমা ইন মেডিকেল ফ্যাকালটি
রেজি: নং ডি-৭০৮১ (বি.এম এন্ড ডি.সি)
পুষ্টি বিশেষজ্ঞ
রোগী দেখার সময়ঃ প্রতিদিন
সিরিয়ালের জন্য যোগাযোগ করুন:
মোবাইল: ০১৭৬৬-৪৮৭৪০৯
মোবাইলঃ ০১৭৬৮-৩৭৭১৯১
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।

## ভেনেজুয়েলায় মাদুরোর দিন শেষ : ট্রাম্প

**সূর্যোদয় প্রতিবেদন**

ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোর দিন ফুরিয়ে আসছে বলে মন্তব্য করেছেন যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে তিনি একইসঙ্গে ভেনেজুয়েলায় যুক্তরাষ্ট্রের সম্ভাব্য সামরিক হস্তক্ষেপের আশঙ্কা উড়িয়ে দিয়েছেন। রোববার (২ নভেম্বর) মার্কিন সংবাদমাধ্যম সিবিএস-এর জনপ্রিয় অনুষ্ঠান "৬০ মিনিটস"-এ প্রচারিত এক সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, "আমি মনে করি না, যুক্তরাষ্ট্র ভেনেজুয়েলার বিরুদ্ধে যুদ্ধ করতে যাচ্ছে। তবে প্রেসিডেন্ট হিসেবে মাদুরোর সময় শেষের পথে।" মার্কিন উপস্থিতি বাড়লেও যুদ্ধের ইঙ্গিত নেই ট্রাম্পের এই মন্তব্য এসেছে এমন এক সময়ে, যখন যুক্তরাষ্ট্র ক্যারিবীয় অঞ্চলে সামরিক উপস্থিতি জোরদার করেছে। সাম্প্রতিক সপ্তাহগুলোতে ওই অঞ্চলে বেশ কয়েকটি নৌযানে মার্কিন বাহিনীর হামলায় অন্তত ৬৫ জন নিহত হয়েছেন। ওয়াশিংটনের দাবি, এসব নৌযান মাদক পাচারের কাজে ব্যবহৃত হচ্ছিল। তবে এই হামলাগুলো নিয়ে আন্তর্জাতিক মহলে প্রশ্ন উঠেছে। অনেক বিশেষজ্ঞই বলছেন, এসব অভিযান বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শামিল হতে পারে। ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোর বিরুদ্ধে মাদক পাচারের অভিযোগ এনে তাকে আন্তর্জাতিকভাবে চাপে রাখছে যুক্তরাষ্ট্র। তবে মাদুরো প্রশাসনের দাবি, "মাদকবিরোধী লড়াইয়ের অজুহাতে ভেনেজুয়েলায় সরকার পরিবর্তনের ষড়যন্ত্র করছে যুক্তরাষ্ট্র। এর আসল লক্ষ্য হলো আমাদের তেলসম্পদ দখল করা।" ওয়াশিংটন এখনো পর্যন্ত এই সাম্প্রতিক হামলাগুলোর কোনো সুনির্দিষ্ট প্রমাণ বা গোয়েন্দা তথ্য প্রকাশ করেনি, যা থেকে বোঝা যাবে হামলার শিকার নৌযানগুলো সত্যিই মাদকবাহী ছিল কি না। ক্যারিবিয়ান ও লাতিন আমেরিকার বেশ কয়েকটি দেশ ইতিমধ্যে যুক্তরাষ্ট্রের সামরিক তৎপরতার নিন্দা জানিয়েছে। তারা বলছে, এসব পদক্ষেপ অঞ্চলের স্থিতিশীলতা নষ্ট করছে এবং নতুন করে উত্তেজনা ছড়াতে পারে। রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, ট্রাম্পের সাম্প্রতিক মন্তব্য ভেনেজুয়েলার রাজনৈতিক ভবিষ্যৎ নিয়ে নতুন অনিশ্চয়তা সৃষ্টি করেছে। একইসঙ্গে এটি ওয়াশিংটনের কৌশলগত অবস্থান নিয়েও নানা প্রশ্ন তুলছে যেখানে একদিকে সামরিক উপস্থিতি বাড়ানো হচ্ছে, অন্যদিকে যুদ্ধের সম্ভাবনা অস্বীকার করা হচ্ছে।

নিউ এভারকেয়ার নার্সিং হোম
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প)
এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা
প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান
এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী), কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার
জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস)
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
ডা. মোঃ সউদ কবীর
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস
এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া, এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি.
২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
**আমাদের সেবাসমূহ**
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা. প্রসূতি ও নারী স্বাস্থ্য,
সার্জারি ও সাধারণ চিকিৎসা, উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

সাদিক E-বাইক গ্যালারী
মনা জুয়েলার্স এর অঙ্গ প্রতিষ্ঠান



এখানে চার্জার বাইক, বাচ্চাদের চার্জার গাড়ি সহ সকল প্রকার চার্জার বাইকের এক্সেরিজ পাওয়া যায়।
01404-297165
প্রধান সড়ক, কাঁশারী বাজার, মেহেরপুর

বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু



সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্রেন্ডিংনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি— প্রতিটি পোশাকেই আছে আমাদের স্টাইলের ছোঁয়া আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
এক্সক্লুসিভ বুটিক পোশাক
হাতে তৈরি দেশি হ্যান্ডিক্রাফট
দেশি-বিদেশী কসমেটিকস
কুকারিজ আইটেম
ইভেন্ট গিফট আইটেম
কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে।



কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১১৯৬০৭৯৫

## খোলামেলা জবাব দিলেন ভাবনা, 'কিছুই যায় আসে না'

**বিনোদন প্রতিবেদক**

অভিনেত্রী আশনা হাবিব ভাবনা। সবসময়ই নিজের মতো করে বাঁচতে ভালোবাসেন। অভিনয়জীবনের শুরুটা হয়েছিল 'নট আউট' নাটকের মাধ্যমে। এরপর একের পর এক দর্শকপ্রিয় নাটকে অভিনয় করে নিজের অবস্থান পাকা করেছেন তিনি। চলচ্চিত্রেও অভিষেক হয়েছে 'ভয়ংকর সুন্দর' দিয়ে। অভিনয়ের পাশাপাশি সামাজিক যোগাযোগমাধ্যমেও তিনি বেশ আলোচিত। সাহসী ও ভিন্নধর্মী উপস্থিতির কারণে প্রায়ই সমালোচনার মুখে পড়েন ভাবনা। এসব সমালোচনায় তিনি কতটা গুরুত্ব দেন? সম্প্রতি এক সাক্ষাৎকারে সেই প্রশ্নের জবাব দিলেন খোলামেলা ভাষায়। স্পষ্ট করে ভাবনা বলেন, 'আমার পোস্টে একজন লুকিয়ে লুকিয়ে লিখছে তার মনের কথা। তার নামহীন একটা ফেসবুক অ্যাকাউন্ট। কোনো প্রোফাইল ছবি নেই, কোনো পরিচয় নেই। এখন সে কোথায় বসে কী লিখছে, তাতে আমাদের কী যায় আসে? মানে, আমার কিছুই যায় আসে না।'

লাস্যময়ী ভাবনা



তিনি আরও বলেন, 'যারা নিজেদের পরিচয় গোপন রেখে মন্তব্য করে তাদের কথায় আমি কান দিই না। আমি জানি আমি কী করছি, কেন করছি। আর এটাই আমার কাছে গুরুত্বপূর্ণ।' ভাবনার এই স্পষ্ট বক্তব্যে বোঝা যায়, সমালোচনা নয় নিজের কাজ ও আত্মবিশ্বাসই এখন তার প্রাধান্য।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
যোগাযোগ : রিসিপশন: ০১৭৫৪৯৭৪৪৬৬ সিরিয়াল: ০১৭২৪-৭৮৭৩১৩, মার্কেটিং অফিসার: ০১৩০৪-১০০৩০৭, ০১৩০৪-১০০৩০
ডাঃ মোঃ আলাউদ্দিন আল-আজাদ
এমবিবিএস, ডি-অর্থো (সার্জারী)
কনসালটেন্ট অর্থোপেডিক, হাড় জোড়া, বাত ব্যাথা, শিরারোগ বিশেষজ্ঞ। শনিবার থেকে বৃহস্পতিবার বিকেল ৪ টা থেকে সন্ধ্যা ৬.৩০ পর্যন্ত।
ডাঃ বিপুল কুমার বিশ্বাস
সহকারী অধ্যাপক
এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস)
সহকারী অধ্যাপক-গাইনী বিভাগ।
বিকাল ৪ টা -৮টা পর্যন্ত, শুক্রবার সকাল ৮টা-২টা
ডাঃ মোঃ ইয়ানুর হোসেন
এমবিবিএস, (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি)
কনসালটেন্ট মেডিসিন বিভাগ, এডভান্সড ট্রেনিং ইন ইকো-কার্ডিওগ্রাফী (ইন্ডিয়া)
বৃহস্পতিবার বিকাল ৩টা -৮টা শুক্রবার সকাল ৮টা-৮টা।
ডাঃ মোঃ আবুল কাশেম
এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ডিএলও বিএসএমএমইউ)-এক্স-পিজিটি কনসালটেন্ট (ইএনটি), ফেলোশীপ ইন ম্যাক্সিলোফেসিয়াল সার্জারী (চেন্নাই, ইন্ডিয়া)। বৃহস্পতিবার বিকাল ৩টা- ৮টা ও শুক্রবার সকাল ৮টা -রাত ৮টা।
ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির)
সহকারী অধ্যাপক
এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস(চক্ষু), ডিএলও (বিএসএমএমইউ)-এক্স-পিজি হাসপাতাল।
প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে দুপুর ১ টা।
ডাঃ মোঃ রোকনুজ্জামান
এমবিবিএস(রাজশাহী), এফসিপিএস-শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সি.সি.ডি.পি (ঢাকা মেডিকেল কলেজ) চর্ম, যৌন, এলার্জি ও সোরা বিশেষজ্ঞ। প্রতি বৃহস্পতিবার সকাল ৮টা - ১১টা।
ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব)
সহকারী অধ্যাপক
এমবিবিএস(ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এমএস (শিশু সার্জারী), সহকারী অধ্যাপক প্রতিদিন বিকাল ৪ টা - ৮টা। শুক্রবার সকাল ৮টা - ৮টা
ডাঃ এম এম কবির শাওন
এমবিবিএস, ডি.এল.পি (এ্যাজমা), ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) এ্যাজমা বিশেষজ্ঞ ও সনোলজিস্ট। প্রতিদিন সকাল ১০ টা -দুপুর ২টা। বিকাল ৪ টা -রাত ৮ টা।
ডাঃ মোঃ আরিফুল ইসলাম
সহকারী অধ্যাপক
এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস সার্জারী) কনসালটেন্ট (সার্জারী), এন্ড ল্যাপারো স্কিক সার্জন। মাসের প্রথম সমবার দুপুর ২টা - ৫টা পর্যন্ত।
ডাঃ মাহবুবা তাজমিলা
এমবিবিএস(ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (শিশু), কনসালটেন্ট (শিশু)। প্রতি শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০ টা - বিকাল ৫টা
ডাঃ মেহেদী হাসান জনি
এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য)
এমবিবিএস(ঢাকা), বিসিএস(সা), এমএস (ইউরোলজী) পিজিটি (সার্জারী)
প্রতি শুক্রবার সকাল ৯ টা -দুপুর ১ টা।
ডাঃ মোঃ সফিউল আলম
এমবিবিএস, এফসিপিএস(সার্জারী) সহকারী অধ্যাপক (জেনারেল সার্জারী), ল্যাপারোস্কপিক। শুক্রবার সকাল ৯ টা থেকে বিকেল ৫টা।

আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট)
মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স-গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত, প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

নিউ স্কয়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর
সিরিয়ালের জন্য: ০১৮৫৮-৯৫৬৯৩৩
আপনার স্বাস্থ্যসেবায় অভিজ্ঞ চিকিৎসকবৃন্দ
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো, বক্ষব্যাধি, ডায়াবেটিস,গ্যাস্টলিভার, বাতব্যাথা ও মনোরোগ বিশেষজ্ঞ।
এমবিবিএস (আরইউ), ডিএফএম (বিসিএমইউ), ফসিপিএস পার্ট–১, পিজিটি (মেডিসিন), সিসিডি (বারডেম)।
রুগী দেখেন: প্রতি শুক্রবার সকাল ৯ টা- সন্ধ্যা ৬ টা
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, ডায়াবেটিস, লিভার ও জন্ডিস রোগ বিশেষজ্ঞ।
এমবিবিএস (ঢাকা), সিসিড (বারডেম), সিএমইউ (আল্ট্রা)।
রোগী দেখেন: প্রতিদিন সকাল ১০টা–২টা বিকাল ৩টা–৮টা
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ বিশেষজ্ঞ,এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)।
রোগী দেখেন: প্রতিদিন বিকাল ৩টা – রাত ৮টা
ডাঃ মোঃ মঞ্জুরুল হাসান
মেডিসিন, বাত, মাথাব্যাথা, বক্ষব্যাধি, হাত-পা জ্বালাপোড়া, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ।
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার।
রোগী দেখেন: প্রতিদিন বিকাল ৩টা – রাত ৮টা
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ্বর, উচ্চ রক্তচাপ ও বাতব্যাথা রোগ বিশেষজ্ঞ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার
রোগী দেখেন: প্রতিদিন বিকাল ৩টা – রাত ৮টা

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, মঙ্গলবার, ৪ নভেম্বর ২০২৫ ইং

## জনআস্থার ওপর আঘাত, দায় কার?

মেহেরপুরে চাকরিচ্যুত এক সাব-ইন্সপেক্টর (এসআই) ও তার স্ত্রীর কোটি টাকার প্রতারণার ঘটনাটি কেবল আর্থিক প্রতারণা নয়, এটি সমাজের নৈতিক ভিত্তি ও জনআস্থার ওপর এক গভীর আঘাত। পুলিশের পোশাকের ছায়া ব্যবহার করে এমন প্রতারণা আমাদের প্রশ্ন করতে বাধ্য করে, জনগণের আস্থা রক্ষায় প্রশাসনিক নজরদারি কোথায় ছিল? স্থানীয় সূত্র বলছে, প্রতারক রুবেল প্রথমে সরকারি রেশনের পণ্য কম দামে বিক্রির প্রলোভন দেখিয়ে মানুষকে বিশ্বাস করান। এক পর্যায়ে এলাকার ১৫০টিরও বেশি পরিবার তার ফাঁদে পড়ে সর্বস্বান্ত হয়। অভিযোগ রয়েছে, পুলিশ বিভাগের বর্তমান ও সাবেক সদস্যদের নাম ভাঙানো, এমনকি তাদের প্রত্যক্ষ-পরোক্ষ সম্পৃক্ততাও ছিল। তবু এতদিন স্থানীয় প্রশাসন বা আইনশৃঙ্খলা বাহিনীর কোনো দৃশ্যমান পদক্ষেপ দেখা যায়নি। একজন সাধারণ মানুষ পুলিশের নাম শুনে যেমন নিরাপত্তা প্রত্যাশা করে, তেমনি কেউ যদি সেই নাম ব্যবহার করে প্রতারণা করে, তবে ক্ষতিগ্রস্ত হয় রাষ্ট্রের প্রতি মানুষের আস্থা। এই আস্থার পুনর্গঠন শুধুমাত্র অপরাধীদের গ্রেপ্তার করলেই হবে না; প্রয়োজন প্রশাসনিক স্বচ্ছতা ও দায়িত্বশীলতার পুনর্মূল্যায়ন। আইন প্রয়োগকারী সংস্থার সদস্য হিসেবে কারও চাকরিচ্যুতি মানে তার প্রতি রাষ্ট্রীয় অবিশ্বাসের ঘোষণা। কিন্তু সেই ব্যক্তি যদি আবারও পুলিশের নাম ব্যবহার করে এমন বড় পরিসরের প্রতারণা চালাতে পারে, তবে তা কেবল ব্যক্তিগত নয়ড় প্রশাসনিক ব্যর্থতারও প্রতিফলন। মেহেরপুরের এই ঘটনাটি তাই শুধু একটি জেলার প্রতারণা নয়; এটি সারা দেশের আইনশৃঙ্খলা ব্যবস্থার জন্য এক সতর্ক সংকেত। এখন প্রয়োজন কঠোর তদন্ত, জড়িতদের দ্রুত বিচারের আওতায় আনা এবং প্রতারিতদের ন্যায্য ক্ষতিপূরণ নিশ্চিত করা। জনগণের আস্থা হারানো সহজ, কিন্তু পুনরুদ্ধার করা অত্যন্ত কঠিন। সময় এসেছে, সেই আস্থা ফেরানোর সৎ ও কার্যকর উদ্যোগ নেওয়ার।

## মেহেরপুরে মনোনয়ন পেলেন মাসুদ

(প্রথম পৃষ্টার পর)

জনগণের ঘরে ঘরে পৌঁছে ধানের শীষের পক্ষে ভোট চাওয়া।" গাংনী আসনের প্রার্থী আমজাদ হোসেন বলেন, "এখন দেশের পরিস্থিতি ভালো নয়। জনগণের কষ্ট লাঘব করাই আমাদের মূল লক্ষ্য। তাই বিজয় মিছিল বা মিষ্টি বিতরণের মতো কাজ করা যাবে না। দলীয় নির্দেশ মেনে সংগঠিতভাবে নির্বাচনে নামতে হবে।" দলীয় সূত্রে জানা গেছে, সম্প্রতি বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান টেলিফোনে মাসুদ অরুন ও আমজাদ হোসেনের সঙ্গে কথা বলে নির্বাচনী প্রস্তুতি জোরদারের নির্দেশ দেন। অন্যদিকে, বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া বগুড়া-৭ ও দিনাজপুর-৩ আসনে, ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বগুড়া-৬ আসনে এবং মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ঠাকুরগাঁও-১ আসনে প্রতিদ্বন্দ্বিতা করবেন। এর আগে তারেক রহমানের নেতৃত্বে বিএনপির স্থায়ী কমিটির বৈঠকে প্রার্থীদের তালিকা অনুমোদন করা হয়। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশার-রফ হোসেন, মির্জা আব্বাস, গয়েশ্বর চন্দ্র রায়, ড. আব্দুল মঈন খান, মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ, আমীর খসরু মাহমুদ চৌধুরী, সেলিমা রহমান, ইকবাল হাসান মাহমুদ টুকু ও ডা. এ জেড এম জাহিদ হোসেন। সংবাদ সম্মেলনে মির্জা ফখরুল বলেন, "দীর্ঘ ১৬ বছর পর আমরা একটি গণতান্ত্রিক নির্বাচনের পথে। ২৩৭ আসনে প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ করছি। যেখানে ঐক্যবদ্ধ আন্দোলনের অংশীদাররা আছে, সেখানে যৌথভাবে প্রার্থী চূড়ান্ত করা হবে।"

## মেহেরপুরে জেগে উঠছে স্বপ্ন

(প্রথম পৃষ্টার পর)

চালানো ধর্মে নিষিদ্ধ নয়, এই ধারণাটিও সমাজে ছড়িয়ে দিতে চাই। মেয়েরা সাইকেলে স্কুলে গেলে অন্যরাও অনুপ্রাণিত হবে।" বাইসাইকেলপ্রাপ্ত নবম শ্রেণির ছাত্রী আফরিন জানায়, "আগে হেঁটে স্কুলে যেতে এক ঘণ্টারও বেশি সময় লাগত। এখন সাইকেল থাকায় সময়মতো ক্লাসে যেতে পারব। আমি বড় হয়ে শিক্ষিকা হতে চাই।" অন্যদিকে, হুইলচেয়ারপ্রাপ্ত বৃদ্ধা রহিমা বেগমের চোখে তখন অশ্রুর ঝিলিক। কাঁপা গলায় বললেন, "আমি এখন নিজেই চলতে পারব। এ বয়সে এমন সহায়তা পাব ভাবিনি।"

উপস্থিত শিক্ষক ও কর্মকর্তাদের চোখেও আনন্দের ছাপ ছিল। তারা বললেন, এই উদ্যোগ শুধু সহায়তা নয় এটি এক ধরনের সামাজিক পরিবর্তনের বার্তা। উপজেলা পরিষদ প্রাঙ্গণ থেকে যখন মেয়েরা সাইকেল নিয়ে বাড়ির পথে রওনা দেয়, তখন মনে হচ্ছিল এ যেন এক নতুন সকাল, এক নতুন সম্ভাবনার যাত্রা। সেই সাইকেলের চাকাগুলোর ঘূর্ণনেই ঘুরছে মেহেরপুরের স্বপ্ন, এগিয়ে যাওয়ার প্রত্যয়।

## জাতীয় নির্বাচনের প্রচার শুরু করল

(প্রথম পৃষ্টার পর)

কে আব্দুল মোমেনের বহুল আলোচিত বক্তব্য, যেখানে তিনি বলেছিলেন, "আমি ভারতে গিয়ে বলেছি শেখ হাসিনাকে টিকিয়ে রাখতে হবে। শেখ হাসিনাকে টিকিয়ে রাখার জন্য যা যা করার, আমি ভারত সরকারকে সেটা অনুরোধ করেছি।" এরপর সংসদ ভবনের সামনে দাঁড়িয়ে সুবায়েল বিন রফিককে বলতে দেখা যায় "নির্বাচন ২০২৬ দেশের চাবি আপনার হাতে। আপনার ভোটের মাধ্যমে সিদ্ধান্ত নিন, আপনি কেমন বাংলাদেশ দেখতে চান।"

ভিডিওটি শেষ হয় স্লোগান দিয়েঃ "দেশের চাবি আপনার হাতে।" সরকারি ঘোষণায় বলা হয়েছে, "২০২৬ সালের ফেব্রুয়ারিতে আমরা সবাই উৎসবমুখর পরিবেশে ভোটকেন্দ্রে যাব। এই নির্বাচনের মাধ্যমে দেশের মানুষ তাদের দেশের মালিকানা পুনরায় ফিরে পাবেন।" এর আগে গত শনিবার রাতে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠক করেন সেনাবাহিনীপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, নৌবাহিনীপ্রধান অ্যাডমিরাল এম নজমুল হাসান, ও বিমানবাহিনীপ্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান। বৈঠকে জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমানও উপস্থিত ছিলেন। বৈঠকে প্রধান উপদেষ্টা নির্বাচনকালীন নিরাপত্তা নিশ্চিত করার ওপর বিশেষ গুরুত্বারোপ করেন। তিনি তিন বাহিনীর প্রধানকে নির্দেশ দেন যেন নির্বাচন শান্তিপূর্ণ ও সুষ্ঠু পরিবেশে সম্পন্ন হয় সে জন্য সর্বোচ্চ প্রস্তুতি নেওয়া হয়। তিন বাহিনীপ্রধান প্রধান উপদেষ্টাকে জানান, নির্বাচনকে সামনে রেখে তাদের প্রস্তুতি প্রায় সম্পন্ন। সরকারি এই ঘোষণার মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে শুরু হলো জাতীয় নির্বাচনের প্রচারড়্যা সরকারের ভাষায় বাংলাদেশের ইতিহাসে "সবচেয়ে গুরুত্বপূর্ণ নির্বাচন" হতে যাচ্ছে।

## গাংনীতে বিএনপির মনোনয়ন

(প্রথম পৃষ্টার পর)

আলমগীর দলীয় প্রার্থী হিসেবে আমজাদ হোসেনের নাম ঘোষণা করেন। ঘোষণার পরপরই ক্ষুব্ধ হয়ে রাজপথে নেমে আসে মিল্টনপন্থীরা। তারা টায়ার জ্বালিয়ে সড়ক অবরোধ তৈরি করে বিক্ষোভ প্রদর্শন করে। বিক্ষোভকারীরা অভিযোগ করে বলেন, দীর্ঘ ১৭ বছর ধরে মাঠে থেকে সংগঠনকে ধরে রেখেছেন জাবেদ মাসুদ মিল্টন। মামলা, হামলা, নিপীড়নসহ নানা প্রতিকূল অবস্থায়ও তিনি নেতাকর্মীদের পাশে ছিলেন। অথচ মাঠে অনুপস্থিত একজনকে হঠাৎ মনোনয়ন দেওয়া হয়েছে। এ কারণে তারা মনোনয়ন পরিবর্তনের দাবি তুলছেন। সমর্থকরা আরও হুঁশিয়ারি দিয়ে বলেন, মনোনয়ন পরিবর্তন না হওয়া পর্যন্ত তারা রাজপথে আন্দোলন সংগ্রাম চালিয়ে যাবেন।

## মুজিবনগরে ইসলামিক সাংস্কৃতিক

(প্রথম পৃষ্টার পর)

প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইসলামিক ফাউন্ডেশন মেহেরপুরের উপপরিচালক এ জে এম সিরাজুম মুনীর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান। এ সময় বক্তব্য রাখেন উপজেলা ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার মো. আমানুল্লাহ। অনুষ্ঠানে ৭টি বিষয়ে মোট ৫১ জন শিক্ষার্থী অংশ নেয়। প্রতিযোগিতায় সেরা অবস্থান অর্জনকারী শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

রাবেয়া বসরী অন্তরা

# দুষিত বাতাস ও জনস্বাস্থ্যঃ বাংলাদেশের বায়ুমান পরীক্ষিত বাস্তবতা



বায়ুদূষণ বাংলাদেশে দীর্ঘদিনের জন্য একটি বড় জটিল সমস্যা, যা কিনা দেশের জনস্বাস্থ্য, অর্থনীতি এবং নাগরিক জীবনের উপর সরাসরি নেতিবাচক প্রভাব ফেলছে। আন্তর্জাতিক পর্যবেক্ষণ অনুযায়ী, আইকিউএয়ার, যা "ইন্টেলিজেন্ট কোয়ালিটি এয়ার" অর্থাৎ বুদ্ধিমান বাতাসের মান নিরীক্ষণ সংস্থা, বাংলাদেশের বাতাসের মান নিরীক্ষণ করে প্রতিবেদন প্রকাশ করে। এই আইকিউএয়ার এর বিশ্ব বায়ু গুণমান প্রতিবেদন ২০২৪ অনুসারে, প্রতি ঘনমিটারে বাংলাদেশের বাতাসে গড়ে প্রায় সূক্ষ্ম ধূলিকণা ছিল ৭৮ মাইক্রোগ্রাম, যা বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্ধারিত মাত্রার পাঁচ মাইক্রোগ্রামের তুলনায় প্রায় পনেরো গুণ বেশি। এই তথ্য অনুযায়ী বাংলাদেশ বিশ্বের দূষিততম দেশগুলির মধ্যে অন্যতম। অন্যদিকে আবার আরেকটি প্রতিবেদন-দ্য বিসনেস স্ট্যান্ডার্ডে প্রকাশিত প্রতিবেদনের ভিত্তিতে বলা যায়, আমাদের রাজধানী ঢাকার বাতাসে সূক্ষ্ম ধূলিকণার ঘনত্ব প্রায় ৭৮ মাইক্রোগ্রাম প্রতি ঘনমিটার পর্যন্ত পৌঁছেছে, যা ঢাকাকে বিশ্বের তৃতীয় সর্বাধিক দূষিত রাজধানী হিসেবে চিহ্নিত করেছে। প্রতিবেদনের তথ্য অনুযায়ী, দিনের বেলায় বেশিরভাগ সময় ঢাকার বায়ুর মানসূচক একশো আশি থেকে দুইশো এর মধ্যে ওঠানামা করে, যা সাস্থ্যঝুকিপূর্ণ মাত্রা হিসেবে বিবেচিত। শুধু তাই নয়, শীতকালে এই দূষণের হার আরও বেড়ে যায়। কারণ শীতকালে তখন বাতাসে ধুলা ও ধোয়া অনেক লম্বা সময় পর্যন্ত ভাসমান অবস্থায় থাকে। সেন্টার ফর রিসার্চ অন এনার্জি অ্যান্ড ক্লিন এয়ার ( সি আর ই এ) এর ২০২৫ সালের প্রতিবেদন অনুযায়ী, বাংলাদেশে প্রতি বছর প্রায় এক লাখ দুই হাজার চারশো ছাপ্পান্নো জন মানুষ এই বায়ুদূষণের কারণে অকালমৃত্যুর শিকার হন। প্রতিবেদনে আরও উল্লেখ করা হয়েছে যে, শিশু, বৃদ্ধ এবং নিম্ন আয়ের মানুষ সবচেয়ে বেশি ঝুঁকিতে রয়েছেন। প্রতিবেদনে পুরনো ও ধোয়া নির্গমনকারী যানবাহন, ইটভাটা, নির্মাণকাজের ধুলাবালি, কয়লা ও কাঠ পোড়ানো এবং শিল্পাঞ্চলের ধোয়াকে, দেশের বায়ুদূষণের প্রধান উৎস হিসেবে উল্লেখ করা হয়েছে। চলমান নির্মাণকাজ বাতাসে ধুলার মাত্রা বৃদ্ধি করছে। অন্যদিকে আবার শহরের বাহিরে অবস্থিত ইটভাটার অধিকাংশই এখনো পুরনো প্রযুক্তিতে চলছে, যেখানে কয়লা বা কাঠ জ্বালিয়ে ইট পোড়ানো হয় এবং এতে করে বিপুল পরিমাণে কার্বন ও ক্ষতিকর ধোয়া বাতাসে মিশে যাচ্ছে।

বায়ুদূষণ মেহেরপুর জেলায় তুলনামূলক ভাবে কম হলেও শীতকালে পরিস্থিতি উদ্দেকজনক। স্থানীয় পরিবেশ অধিদপ্তর অনুযায়ী, গত শীত মৌসুমে এখানে সূক্ষ্ম ধূলিকণার পরিমাণ প্রতি ঘনমিটারে ছিল প্রায় একশো দশ থেকে একশো বিশ মাইগ্রোগ্রাম, যা সাস্থ্যঝুঁকিপূর্ণ পর্যায় হিসেবে বিবেচিত। জেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তর অনুসারে, পরিবেশ নীতি না মানার কারণে প্রায় চল্লিশটি ইটভাটাকে নোটিশ জারি করা হয়েছে। প্রতিবেদনের আলোকে জানা যায়, নতুন ইটভাটায় পরিচ্ছন্ন প্রযুক্তি ব্যবহার বাধ্যতামূলক করার পরিকল্পনা নেয়া হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রকাশিত নীতিমালা অনুযায়ী, ইতিমধ্যে সরকার গ্রীন ট্রান্সপোর্টেশন বা সবুজ পরিবহন ব্যবস্থা চালুর উদ্যোগ নিয়েছে এবং বিদ্যুৎ চালিত যানবাহন ব্যবহারে উৎসাহ প্রদান করছে। এছড়া, পরিষ্কার ইটভাটা প্রযুক্তি চালু করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই উদ্যোগের মাধ্যমে আগামী বছরগুলিতে অন্তত এক হাজার ইটভাটা আধুনিক প্রযুক্তিতে রূপান্তর করা সম্ভব হবে বলে আশা করা যায়। বায়ুদূষণ এখন কেবল আর পরিবেশগত সমস্যা নয় বরং এটি এখন জনস্বাস্থ্য ও অর্থনীতির জন্যেও বিপজ্জনক। সরকারের উদ্যোগ, প্রযুক্তি ব্যবহার ও নাগরিক সচেতনতার মাধ্যমে এই সমস্যা অনেকাংশেই নিয়ন্ত্রণ করা সম্ভব। মেহেরপুরসহ দেশের প্রত্যন্ত অঞ্চলের মানুষ সচেতন হলে ভবিষ্যৎ প্রজন্মের জন্য নির্মল ও নিরাপদ বাতাস নিশ্চিত করা সম্ভব হবে। (বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশন-ালস (বিইউপি), ঢাকা)

# আমানত রক্ষাঃ ইমানের অঙ্গীকার

মুফতি খালিদ কাসেমি

আমানত শব্দের অর্থ বিশ্বস্ততা, নিরাপত্তা ও বিশ্বাসযোগ্যতা। ইসলামিক পরিভাষায় এটি এমন একটি হক, যা আদায় ও রক্ষা করা অবশ্যক।

হাদিসে বলা হয়েছে, "যার আমানতদারি নেই, তার ইমানও নেই; যার কাছে অঙ্গীকারের মূল্য নেই, তার দ্বীনদারি নেই।" কেন আমানত রক্ষা গুরুত্বপূর্ণ: আল্লাহ তাআলা বলেন, "নিশ্চয়ই আল্লাহ তোমাদের আদেশ করেছেন, তোমরা আমানতসমূহ তার হকদারকে আদায় করবে এবং মানুষের মধ্যে বিচার করবে ইনসাফের সঙ্গে।" রাসুলুল্লাহ (সা.) বলেন, "কেউ তোমার কাছে আমানত রাখলে তা তাকে ফেরত দাও। যারা তোমার সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে, তার সঙ্গে তুমি বিশ্বাসঘাতকতা কোরো না।

রাসুলগণ নিজ সম্প্রদায়কে লক্ষ্য করে বলতেন, "নিশ্চয়ই আমি তোমাদের জন্য এক বিশ্বস্ত রাসুল।" আল্লাহ বলেন, "যারা তাদের আমানত ও প্রতিশ্রুতি রক্ষা করে এবং নামাজের প্রতি যত্নবান থাকে, তাদের জন্য জান্নাতুল ফেরদাউসের সুসংবাদ আছে।" আমানত রক্ষা কেবল নৈতিক দায়িত্ব নয়, এটি ইমানের পরিচয় এবং সফল জীবনের চাবিকাঠি। যারা এটি মেনে চলে, তারা আল্লাহর কাছে সম্মানিত ও জান্নাতের অধিকারী হবে।

## গোলের উৎসব, শ্যামপুরের ফাইনাল

(প্রথম পৃষ্টার পর)

সুমন, সজীব ও সুমনড়্প্রত্যেকেই একটি করে গোল করেন। মেহেরপুর পৌরসভার পক্ষে একমাত্র গোল করেন সিয়াম। খেলায় সাফল্যের পাশাপাশি শ্যামপুর ইউনিয়নের শাওন 'ম্যান অব দ্যা ম্যাচ' নির্বাচিত হন। খেলা শেষে বিজয়ী দলের ম্যান অব দ্যা ম্যাচ শাওনের হাতে পুরস্কার তুলে দেন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা। অনুষ্ঠানে সদর উপজেলা প্রশাসনের কর্মকর্তা মাহফুজুর রহমান, শ্যামপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইকবাল হোসেন, জেলা ক্রীড়া সংস্থার সদস্য সাইদুর রহমান জিকো ও জেলা ফুটবল কোচ আব্দুল মালেকসহ আরও অনেকে উপস্থিত ছিলেন।

## চুয়াডাঙ্গায় মোটরসাইকেল-লাটাহাম্বার

(প্রথম পৃষ্টার পর)

পড়ে গিয়ে আহত হয়। স্থানীয়রা আমাদের দ্রুত উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডা. শাপলা খাতুন বলেন, দুর্ঘটনায় আহত ইকতার হোসেনকে হাসপাতালে আনার আগেই তিনি মারা যান। আহতদের মধ্যে শিশুর অবস্থা গুরুতর হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়েছে। আলমডাঙ্গা থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাসুদুর রহমান বলেন, দুর্ঘটনায় একজন নিহত ও দুজন আহত হয়েছেন। ঘটনাস্থল থেকে মোটরসাইকেল ও লাটাহাম্বার জব্দ করা হয়েছে। মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি হচ্ছে, পরবর্তীতে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

## স্কাউটিং ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত

(প্রথম পৃষ্টার পর)

সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সুকুমার মিত্র, স্কাউটের সাধারণ সম্পাদক আবুল হোসেন, উপজেলা সম্পাদক আশরাফুজ্জামান এবং গাংনী উপজেলা সম্পাদক মনিরুল ইসলাম। ওরিয়েন্টেশন কোর্সে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীর, মুজিবনগর উপজেলা সম্পাদক জহিরুল ইসলাম, কবি নজরুল শিক্ষা মঞ্জিলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক তালেব উদ্দিন, কোষাধক্ষ্য মহিদুল ইসলাম, ফারুক হোসেন প্রমুখ। কোর্সের মাধ্যমে নতুন স্কাউট সদস্যরা স্কাউটিংয়ের নীতি, কার্যক্রম ও দায়িত্ব সম্পর্কে জানার সুযোগ পেয়েছেন।

## মেহেরপুরে ফতেপুরে বিএনপির

(প্রথম পৃষ্টার পর)

ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট স্থানীয় বাসিন্দাদের হাতে তুলে দেন এবং এলাকাবাসীর সঙ্গে মতবিনিময় করেন। গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহসভাপতি ইলিয়াস হোসেন, আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ বিশ্বাস, বুড়িপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি নাসির উদ্দিন, সাধারণ সম্পাদক ফরিদ উদ্দিন, বিএনপি নেতা আসাদুল হক মজনু, ১নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক সেলিম রেজা, নেতা নাহিদ আহমেদসহ স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

## নাসীরুদ্দীন পাটওয়ারীর বিরুদ্ধে মান

(প্রথম পৃষ্টার পর)

মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশকে অভিযোগের বিষয়টি তদন্ত করে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেন। বাদীপক্ষের আইনজীবী মাহাদী হাসান জুয়েল সাংবাদিকদের জানান, আসামি নাসীরুদ্দীন পাটওয়ারী ইচ্ছাকৃতভাবে যুবদল নেতা নয়নসহ বিএনপি ও এর নেতৃত্বের বিরুদ্ধে সামাজিক যোগাযোগমাধ্যমে মিথ্যা ও বিভ্রান্তিকর তথ্য প্রচার করে মানহানির উদ্দেশ্যে কাজ করেছেন। মামলার আবেদনে বলা হয়েছে, ৫ আগস্ট 'ফ্যাসিস্ট সরকার পতনের' পর থেকে আসামি আন্দোলনের নেতৃত্বদানকারী বিএনপি ও তাদের নেতাদের সুনাম ক্ষুণ্ণ করার উদ্দেশ্যে নানা অপপ্রচারে লিপ্ত রয়েছেন। আবেদনে আরও বলা হয়, গত ১ নভেম্বর এনসিপির এক বক্তব্যে নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, "জুলাই সনদ নিয়ে একটি বড় দল গুণ্ডামি করছে। ঢাকা মহানগরের একজন নেতা আছেন নয়ন, একা যে পরিমাণ চাঁদাবাজি ও দুর্নীতি করেছেন, সেই টাকা দিয়েও দেশে গণভোট সম্ভব। আমরা ওনাদের জমজমের পানি দিয়ে পরিষ্কার করতে চেয়েছিলাম, কিন্তু মাথা ক্লিন হয় নাই। এখন মনে হয় ওনাদের বুড়িগঙ্গার পানি দিয়ে পরিষ্কার করতে হবে।" বাদীপক্ষের দাবি, এ বক্তব্য সম্পূর্ণ মিথ্যা, অপমানজনক ও মানহানিকর। এতে নয়নসহ বিএনপির নেতাকর্মীরা সামাজিকভাবে হেয়প্রতিপন্ন হয়েছেন।

## প্রতিপক্ষের বিষে নিঃস্ব মাছ চাষি

(প্রথম পৃষ্টার পর)

শামসুজ্জোহার ছেলে। চলতি মৌসুমে তিনি প্রায় দেড় লাখ টাকার কাতলা, মৃগেল, তেলাপিয়া, গ্রাস কার্পসহ বিভিন্ন প্রজাতির মাছ চাষ করেছিলেন। আর কয়েকদিন পরই মাছ বিক্রি করার কথা ছিল। কান্না জড়িত কণ্ঠে উজির মিয়া বলেন, "আমি ৫০ হাজার টাকা কিস্তি তুলে ৪৬ হাজার টাকার মাছ পুকুরে ছেড়েছি। এরপর আরও কয়েক ধাপে মোট এক লাখ টাকার বেশি মাছ ছেড়েছি। এমনকি গরু বিক্রি করেও মাছ চাষে বিনিয়োগ করেছি। আজ সব শেষ। এর আগেও একবার পুকুরে বিষ দেওয়া হয়েছিল, তখনও আমার প্রায় দুই লাখ টাকার ক্ষতি হয়েছিল।" তিনি আরও বলেন, "এই মাছ বিক্রি করে ঘর তৈরি করার স্বপ্ন ছিল। এক নিমিষে সব শেষ হয়ে গেল। আমি বিষয়টি সদর থানায় জানিয়েছি।" উজির মিয়ার ভাতিজা নিবিড় মিয়া জানান, "শনিবার রাতে অজ্ঞাত কেউ পুকুরে বিষ দেয়। এতে সব মাছ মরে যায়। রবিবার আমরা পুকুর থেকে পাঁচ বস্তা পচা মাছ তুলেছি, আজও আরও দশ বস্তা মাছ ভেসে আছে। আমার চাচা এখন একেবারে নিঃস্ব।" চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খালেদুর রহমান বলেন, "বিষয়টি গুরুত্বসহকারে দেখা হচ্ছে। কারা এ ঘটনার সঙ্গে জড়িত, তা খুঁজে বের করতে তদন্ত চলছে।" গ্রামের অন্যান্য মাছ চাষিরা জানান, এ ঘটনার পর তারা আতঙ্কে রয়েছেন। এলাকার নিরাপত্তা ও এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে প্রশাসনের কঠোর নজরদারির দাবি জানিয়েছেন তারা।

## স্কাউট ভবনে চুরি

(প্রথম পৃষ্টার পর)

হওয়ার পর জেলা স্কাউটস কর্মকর্তারা ভবনের নিরাপত্তা বাড়ানোর জন্য জরুরি ব্যবস্থা নেয়ার কথা জানিয়েছেন। স্থানীয় জনগণ চুরির ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে। অনেকেই ভবনের নিরাপত্তা নিয়ে প্রশ্ন তুলেছেন এবং প্রশাসনের সতর্কতা বৃদ্ধির আহ্বান জানিয়েছেন। মেহেরপুর জেলা স্কাউট ভবন এলাকার এক সচেতন নাগরিক বলেন, "স্কাউট ভবন শিশু ও কিশোরদের জন্য নিরাপদ শিক্ষা ও কার্যক্রমের কেন্দ্র। এমন চুরি খুবই দুঃখজনক এবং এটি সমাজের জন্য নেতিবাচক বার্তা।"

## মুজিবনগরে বিএনপির লিফলেট

(প্রথম পৃষ্টার পর)

যুবদলের সভাপতি আবুল হাসান, মেহেরপুর পৌর যুবদলের সদস্য সচিব নওফেল আহমেদ রনি, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজি প্রমুখ।

## আমঝুপিতে ধানের শীষের পক্ষে

(প্রথম পৃষ্টার পর)

নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের প্রতি পূর্ণ সমর্থন জানান স্থানীয় নেতাকর্মীরা।

এ সময় সদর উপজেলা ছাত্রদলের সদস্য সচিব শেখ রাব্বি, বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন স্তরের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

## মাদকবিরোধী সেমিনার ও কুইজ

(প্রথম পৃষ্টার পর)

অতিথি হিসেবে ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম শাকাফি ইবনে সাজ্জাদ এবং মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ আব্দুল লতিফ মিয়া।

সেমিনারের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর খুলনা অঞ্চলের সহকারি পরিচালক বেলাল হোসেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের বাংলা বিভাগের প্রভাষক আনিকা কোহিনুর। সেমিনারে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক বিদ্যুৎ বিহারী নাথ, সাবিনা সুলতানা সোহানা প্রমুখ বক্তব্য প্রদান করেন। এছাড়াও সেখানে অনুষ্ঠিত হয় কুইজ প্রতিযোগিতা এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

## এনসিপির সংসদে যাওয়া নির্ভর করবে বিএনপির ওপর- নুরুল হক নুর

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) সংসদে যেতে পারবে কি না, তা মূলত বিএনপির সিদ্ধান্তের ওপর নির্ভর করবে বলে মন্তব্য করেছেন গণ অধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর। রোববার (২ নভেম্বর) রাতে একটি বেসরকারি টেলিভিশনের টক শোতে অংশগ্রহণকালে নুর বলেন, "এনসিপির অনেক বিষয়ই এখন বিএনপির সঙ্গে সম্পর্কের ওপর নির্ভর করছে। তারা এমপি হবেন কি না বা সংসদে যাবেন কি না, সেটা বিএনপির সিদ্ধান্তের ওপর নির্ভর করবে। কিন্তু বিএনপির নেতাদের নিয়ে যেভাবে তীর্যক, অসম্মানজনক ও অরুচিকর মন্তব্য করা হচ্ছে, আমি জানি না শেষ পর্যন্ত তাদের মধ্যে কী ধরনের সমঝোতা হবে।" নুরুল হক নুর আরও উল্লেখ করেন, বিএনপির সঙ্গে আসন সমঝোতার বিষয়ে বিভিন্ন নেতা ব্যক্তিগতভাবে বৈঠক করছেন, আবার গণমাধ্যমে ফাঁকা আওয়াজ তৈরি করা হচ্ছে। তিনি বলেন, "এটি কিছুটা বিভ্রান্তিকর পরিস্থিতি তৈরি করছে।" গণভোট ও জাতীয় নির্বাচন নিয়ে নুর বলেন, "নির্বাচন ফেব্রুয়ারিতেই অনুষ্ঠিত হবে, তফসিল ডিসেম্বরেই ঘোষণা হবে, এবং গণভোট ও জাতীয় নির্বাচন একই সঙ্গে অনুষ্ঠিত হবে। এটা আমার বক্তব্য নয়, সব দলেরই একমত। সুতরাং এই বিষয়গুলো নিয়ে বেশি উদ্বিগ্ন হওয়ার কিছু নেই।"

## প্রাথমিকের সংগীত ও শরীরচর্চা শিক্ষক পদ বাতিল, বিধিমালা সংশোধন

সূর্যোদয় প্রতিবেদন

কয়েকটি ইসলামি দলের আপত্তির পর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন সৃষ্ট সংগীত শিক্ষক ও শরীরচর্চা শিক্ষকের পদ বাতিল করেছে অন্তর্বর্তী সরকার। পাশাপাশি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কিছু শব্দগত সংশোধন এনে আগস্টে জারি করা সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা সংশোধন করেছে। (সোমবার) দুপুরে মন্ত্রণালয়ের বিদ্যালয় অনুবিভাগের অতিরিক্ত সচিব মাসুদ আকতার খান জানান, গতকাল রোববার সংশোধিত বিধিমালার গেজেট জারি হয়েছে। আগের বিধিমালায় চারটি ক্যাটাগরির পদ থাকলেও নতুন সংশোধিত বিধিমালায় দুটি ক্যাটাগরি রাখা হয়েছে। সংগীত ও শরীরচর্চা বিষয়ের সহকারী শিক্ষকের পদ নতুন বিধিমালায় নেই। মাসুদ আকতার খান বলেন, "আগের বিধিমালায় মেধার ভিত্তিতে নিয়োগ পাওয়া পদগুলোর মধ্যে ২০ শতাংশ পদ বিজ্ঞান বিষয়ের স্নাতক ডিগ্রিধারীদের জন্য, আর ৮০ শতাংশ অন্যান্য বিষয়ে স্নাতক ডিগ্রিধারীদের জন্য। এখানে একটি শব্দগত ভুল ছিল। নতুন সংশোধনে 'অন্যান্য বিষয়ে' শব্দবন্ধকে 'বিজ্ঞানসহ অন্যান্য বিষয়ে' দ্বারা প্রতিস্থাপন করা হয়েছে। অর্থাৎ কোটা ছাড়াও ৮০ শতাংশ পদে বিজ্ঞান বা অন্যান্য বিষয়ের ডিগ্রিধারীরা নিয়োগ পেতে পারবেন।" নতুন বিধিমালায় সংগীত ও শরীরচর্চা শিক্ষকের পদ সৃষ্টি হওয়ার পর ধর্মভিত্তিক সংগঠনগুলো সমালোচনা শুরু করে। হেফাজতে ইসলাম ৬ সেপ্টেম্বর প্রাথমিক স্তরে সংগীত শিক্ষক নিয়োগকে "ইসলামবিরোধী" বলে আখ্যায়িত করে পদ বাতিলের দাবি জানায়। ১৬ সেপ্টেম্বর ইসলামী আন্দোলন বাংলাদেশ, জামায়াতে ইসলামী, খেলাফত মজলিস, বাংলাদেশ খেলাফত মজলিস ও বাংলাদেশ খেলাফত আন্দোলন সংগীত শিক্ষক পদ সৃষ্টির কঠোর সমালোচনা করে এবং প্রাথমিকে ধর্মীয় শিক্ষক নিয়োগের দাবি জানায়। ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মদ রেজাউল করীমও একই দাবি করেন। মন্ত্রণালয় সূত্র জানায়, নতুন সংশোধিত বিধিমালা কার্যকর হওয়ায় শিক্ষক নিয়োগ প্রক্রিয়া তফসিল ও কোটা অনুসারে নির্ধারিত হবে। সংশোধনের মাধ্যমে ধর্মীয় অনুভূতিকে প্রাধান্য দিয়ে সম্ভাব্য বিতর্ক এড়ানো হয়েছে।

## মেট্রোরেলের ডিজাইনে ভুল থাকতে পারেঃ ডিএমটিসিএলের এমডি

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের (ডিএমটিসিএল) ব্যবস্থাপনা পরিচালক ফারুক আহমেদ বলেছেন, মেট্রোরেলের নকশায় ভুল থাকতে পারে। তিনি আরও জানান, নিম্নমানের সরঞ্জাম ব্যবহার, ঠিকমতো বুঝে না নেয়াসহ বিভিন্ন কারণে সাম্প্রতিক দুর্ঘটনা ঘটতে পারে। তবে দুর্ঘটনার সঠিক কারণ তদন্ত শেষে নিশ্চিতভাবে বলা যাবে। সোমবার (৩ নভেম্বর) মেট্রোরেল প্রকল্প ও এর পরিচালনা সংক্রান্ত সার্বিক বিষয় নিয়ে সংবাদ সম্মেলনে তিনি এসব তথ্য জানান। "গত বছরের ঘটনার পর আমরা ফিজিক্যালি এবং ড্রোনের মাধ্যমে ইন্সপেকশন করেছি। আমাদের প্রধান কাজ হলো সেফটি নিশ্চিত করা। নকশায় ভুল থাকতে পারে। এছাড়া নিম্নমানের মালামাল ব্যবহার, ঠিক মতো বোঝাপড়া না হওয়াড়এসব কারণেও দুর্ঘটনা ঘটতে পারে। বোঝাপড়ার দায়িত্ব ছিল কনসালটেন্সি প্রতিষ্ঠানের। অদক্ষতার কারণে হয়তো সেখানে ঘাটতি ছিল।" তিনি জানান, লাইন-১ এর প্রকল্প পরিচালক নেই, যা দ্রুত পূরণ করা হবে। প্রয়োজন অনুযায়ী আরও ৪৫ জন প্রকল্প পরিচালক নিয়োগ দেওয়া হবে। ফারুক আহমেদ বলেন, "নতুনগুলোর ক্ষেত্রে প্রয়োজনে নকশা পরিবর্তন করা হবে। রাজনৈতিক দলসহ যারা পিলারে পোস্টারিং করছেন, তাদের সরে যাওয়ার আহ্বান জানাচ্ছি। ফিজিক্যাল ক্র্যাকগুলো ঠিকভাবে বোঝা যাবে না। আমাদের খরচ অনুযায়ী এটি বিশ্বের সেরা মেট্রো হওয়ার কথা, কিন্তু বর্তমান অবস্থা উদ্বেগজনক।" তিনি আরও বলেন, যারা আগে প্রকল্প বুঝে নিয়েছে বা অনুমোদন দিয়েছে, তাদের অবৈধতার জন্য আইনের আওতায় আনা হবে। সরকারের তদন্ত শেষ হলে অবশ্যই তা করা হবে বলে আশা প্রকাশ করেন তিনি।

## জম্মু-কাশ্মীরে ক্রিকেট লিগে প্রতারণা, আয়োজকের পলায়নে বিপাকে খেলোয়াড়রা

সূর্যোদয় প্রতিবেদন

জম্মু ও কাশ্মীরে আয়োজিত ইন্ডিয়ান হেভেন প্রিমিয়ার লিগ নাটকীয়ভাবে ধসে পড়েছে। আয়োজকরা হঠাৎ শ্রীনগর ছেড়ে পালিয়ে গেছেন, হোটেলের বকেয়া বিল, খেলোয়াড়দের বেতন এবং ম্যাচ কর্মকর্তাদের পারিশ্রমিক না দিয়ে। এতে প্রায় ৪০ জন খেলোয়াড় অনিশ্চয়তার মধ্যে আটকা পড়েছেন। টুর্নামেন্টে অংশ নিয়েছিলেন আন্তর্জাতিক তারকা ক্রিস গেইল, মার্টিন গাপটিল, জেসি রাইডার, থিসারা পেরেরা। বাংলাদেশি তারকা সাকিব আল হাসানও অংশ নেয়ার কথা ছিল। রবিবার সকালে বাকশি স্টেডিয়াম ফাঁকা থাকায় ম্যাচ আয়োজন সম্ভব হয়নি। ইংলিশ আম্পায়ার মেলিসা জুনিপার জানান, "আয়োজকেরা হোটেল থেকে পালিয়ে গেছে। হোটেল, খেলোয়াড় এবং আম্পায়ার কেউ বেতন পায়নি। হোটেলের সঙ্গে সমঝোতা করে খেলোয়াড়দের বাড়ি ফেরানোর ব্যবস্থা করা হয়েছে।"শ্রীনগরের দ্য রেসিডেন্সি হোটেল এক কর্মকর্তা বলেন, "আয়োজকেরা আন্তর্জাতিক তারকাদের নিয়ে কাশ্মীরের পর্যটন বাড়ানোর প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু হঠাৎ হোটেল ছেড়ে চলে গেছে, বিল পরিশোধ না করেই।" টুর্নামেন্টে ৮টি দল ও ৩২ জন সাবেক আন্তর্জাতিক খেলোয়াড় অংশ নেয়ার কথা ছিল। প্রথম দিন থেকেই যথাযথ ইউনিফর্ম বা প্লেয়ার কন্ট্রাক্ট ছিল না। দর্শকও কম। স্পনসররা শেষ মুহূর্তে সরে যায়, টিকিটের দাম কমানো হয়। ২৩ অক্টোবর থেকে ৭ নভেম্বর পর্যন্ত মোট ৩২ ম্যাচের পরিকল্পনা ছিল, তবে মাত্র ১৩টি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে, বাকি ম্যাচ ও ফাইনাল বাতিল হয়েছে। সাবেক ভারতীয় ক্রিকেটার পারভেজ রাসুল বলেন, "একজন ইংলিশ আম্পায়ার ব্রিটিশ দূতাবাসের সঙ্গে যোগাযোগ করেছেন, কারণ কিছু খেলোয়াড় প্রথমে হোটেল থেকে বের হতে পারছিলেন না।" ঘটনাটি কাশ্মীরের ক্রিকেট ও পর্যটন অঙ্গনে বড় শক সৃষ্টি করেছে।